
Sj. Mrigendra Bhattacharjya:

কিন্তু, ইরিগেশন ডিপার্টমেন্ট ধরে বসেছেন যে, ৩০০ ফুট মাটি কেটে করতে হবে.....

8i. Tarun Kanti Chosh:

যদি ডিটেল্স থবর চান, তাহলে দয়া করে নোটিশ দেবেন।

Sj. Saroj Roy:

যে সমুহত রাহতার নাম এখানে দেওয়া হয়েছে, তা ছাড়াও আরও কতকগৄলি ইমপট্যা**ল্ট** রাহতার নাম সাজেশন হিসাবে বেশ্গল গভন মেন্টের কাছে দেওয়া হয়েছিল, সেগ্লি কেন গ্রহণ করা হয় নি?

Mr. Speaker:

আপনি সেদিন ডিবেট শোনেন নি. এখন এই রকম কেন প্রশ্ন তুলছেন? এটা অত্য**ন্ত** দঃখের কথা। সেখানে কম্প্রিহেনসিভ এ্যানসার দেওয়া হয়েছে।

The information was given extensively in the debate. There could not be any repetition. You must attentively listen to the debate. A very comprehensive answer was given in the 4-hour debate.

Sj. Saroj Roy:

কিন্ত আমার এই প্রশ্নটা ছিল না ঐ কন্পিনের্নাসভ এ্যানসারএর মধ্য।

Mr. Speaker:

ছিল, ছিল। ইয়েস...

8j. Saroj Roy:

আমার প্রদান হল, যে সমসত রাসতা এই লিস্টএ দেওয়া হয়েছে, তার চেয়েও ইমপর্ট্যা**স্ট** শ্লাসতা ছিল, সেগ্রিল কেন নেওয়া হয় নি?

8]. Tarun Kanti Chosh: It is a matter of opinion which is more important.

Sj. Janardan Sahu:

তালিকার (৩৫) নদ্বরে দেখছি, এগ্রা-রামনগর সদ্বন্ধে ...

Mr. Speaker: I cannot allow that supplementary.

Sj. Janardan Sahu:

এই তালিকার (১৫) নংএ পটাশপুর-বাজ্যুচক রাস্তা সম্বশ্ধে.....

Mr. Speaker: No, no.

8j. Tarun Kanti Ghosh:

এতগর্বল রাস্তা সম্বন্ধে ডিটেলএ বলা সম্ভব নয়।

To speak about all details is not possible.

Sj. Janardan Sahu:

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে সকল রাস্তাগর্নিল দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে এলেছে, লেগ্নেলি কি কমন্লিট হবে?

8j. Tarun Kanti Chosh:

शौ, श्रव।

UNSTARRED OUESTIONS

(answers to which were laid on the table)

Construction of a road from Kadokotha to Ugalsanda under Test Relief Scheme in Nayagram police-station of Midnapore district

43. 8j. Dhananjoy Kar: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার ১নং ইউনিয়নের কাদোকোঠা হইতে উগালষণ্ড পর্যক্ত বে রাস্তাটি টেস্ট রিলিফে নিমিতি হইয়াছে ভাহাতে কত টাকা বায় হইয়াছে?

The Minister for Food, Relief and Supplies (The Hen'ble Pratulla Chandra Sen):

এইর প কোন রাস্তা নিমিতি হয় নাই; অতএব টাকা ব্যরের প্রম্ন উঠে না।

Si. Dhananjoy Kar:

আমার প্রশেনর জবাবে যেখানে মল্ট্রীমহাশয় বলেছেন, এইর্প কোন রাস্তা নির্মিত হর নাই; সেখনে আমার প্রশন হচ্ছে আদৌ কোন রাস্তা এখানে তৈরী হয় নি কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদসদের প্রশ্নটা একটা ভূল ছিল। কাদোকোঠা হতে উগালষণ্ড বলে কোন রাষ্ঠানেই, তবে কাদোকোঠা থেকে রাজপাহাড়ী রাষ্ঠার জন্য টেষ্ট রিলিফএর কাজ হয়েছে এবং তাতে মোট ১৩.৫০০ টাকা বয়ে হয়েছে।

Realisation of arrear loans in Gopiballavpur, Nayagram and Sankrail policestations of Midnapore district

- 44. Sj. Dhananjoy Kar: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—
- ে (ক) ইহা কি সতা যে, মেদিনীপুর জেলার গোপীবস্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাই**ল থানায়** যে-সমস্ত সরকারী বকেয়া দেনা ছিল, সেই সমস্ত একাধিক বংসরের বকেয়া দেনা **এই** বংসর আদায়ের জন্য ঋণগ্রস্তদের মালক্রোক, গ্রেস্তারী **পরওয়ানা প্রভৃতি বাহির** করিয়া**ছে**ন; এবং
 - (খ) যদি (ক) প্রশ্নের উত্তর হার্ট হয়, য়য়্টীয়হাশয় সময়্ত বকেয়া দেনা একবংসরে আদায় না করিয়া ২ ৩ বংসরে আদায় করার কথা বিবেচনা করিবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

- ক্রেক বংসরের প্রাতন অনাদায়ী কৃষিশ্বণ আদায়ের জন্য কোন কোন ক্ষেত্রে মালকোকী
 পরওয়ানা জারী করা হইয়াছে এবং দুইটি ক্ষেত্রে গ্রেণ্ডার্কা পরওয়ানা জারী করা হইয়াছে।
- (খ) অধ্যাপের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া বকেষা ঋণ আলায়ের জন্য প্রয়োজন অনুসারে কিম্তী দেওয়া হইডেছে।

Si. Dhananiov Kar:

মন্ত্রীমহাশয় (খ) প্রশ্নে বলেছেন, অধমর্ণের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া বকেয়া ঋণ অনুদারে জন্য প্রয়োজন অনুদারে কিসতী দেওয়া ইইতেছে। এখানে আমার প্রশ্ন হচ্ছে এই উক্তাগ্রাল আদায় করার জন্য তাদের বিবৃদ্ধে মালক্রোকী পরওয়ানা বা গ্রেপ্তারী পরওয়ানা ভাবী করার পূর্বে তাদের এই টাকা দেবার অবস্থা আছে কিনা, সেটা বিবেচনা করা হয় কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই হয়। •

▼ Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Dhanarjoy Kar:

যাদের বির্দেধ গ্রেপ্তারী পরওয়ানা বার করা হয়েছে, তাদের টাকা দেবার মত অবস্থা আ কিনা সেটা অন্সধান করে দেখা হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চিত হয়েছিল।

8j. Dhananjoy Kar:

क अनू मन्धान करतन?

The Hon'ble Prafulla Chandra Sen;

সরকারী কর্মচারী।

Sj. Dhananjoy Kar:

কোন ধরণের কর্মচারী।

The Hon'ble Prafulla Chandra Sen:

জেলা ম্যাজিস্টেটের অধীনস্থ কর্মচারী।

8j. Dhananjoy Kar:

কোন বিশিষ্ট অধীনস্থ কর্মচারী।

[No reply.]

Industry-wise employment figures

45. 8]. Suhrid Kumar Mullick Chowdhury: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state industry-wise employment in West Bengal during the years 1951, 1954 and 1955 (up to **October**)?

The Minister for Labour (The Hon'ble Kali Pada Mookerjee): A statement showing figures for 1951 and 1954 is laid on the Table.

Figures for 1955 are not yet available.

Statement referred to in reply to unstarred question No. 45

Number of Factories and workers in West Bengal (Industry-wise)

| | 1951. | | | 1954, | | | |
|--|---------------------|---------------------|---------------|------------|------------------------|----------------|--|
| Industry. | Number of factories | | No. | Number o | No. | | |
| | Working. | Submatting returns. | of workers | Working. | Submitting returns. | of Workers. | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | |
| Jute Textile | 98 | 96 | 281,093 | 100 | 100 | 251,910 | |
| Cotton Textile . | 3.5 | 34 | 31,609 | 45 | 12 | 37,770 | |
| Silk Textile | 9 | 9 | 1,641 | 6 | 6 | 919 | |
| Hosieries | 59 | 53 | 1,775 | 57 | 48 | 1,417 | |
| Woollen Mills . | 3 | 3 | 427 | 4 | 4 | 903 | |
| Other Textiles | 21 | 20 | 4,715 | 26 | 25 | 4,102 | |
| Engineering | 325 | 282 | 97,184 | 351 | 285 | 92,916 | |
| Iron and Steel | 145 | 123 | 34,426 | 150 | 116 | 33,034 | |
| Other Metal Abstracting, Refining, Rolling, etc | 17 | 17 | 2,706 | 21 | 19 | 2,977 | |
| Flour Mills | 13 | 12 | 1,625 | 13 | 12 | 1,26 | |
| Rice Mills | 280 | 255 | 13,083 | 212 | 273 | 14,734 | |
| Tea Factories | 277 | 249 | 26,030 | 276 | 267 | 23,831 | |
| Manufacturing of other miscellaneous food pro- paration including cold storage. | 65 | 52 | 3,118 | 53 | 45 | 2,211 | |
| Chemicals encluding Matches and Soaps. | 123 | 113 | 20,222 | 141 | 130 | 18,566 | |
| Petroleum, Kerosene, etc | 22 | 22 | 4,781 | 21 | 20 | 3,998 | |
| Printing and Book-binding including Photography. | 185 | 149 | 12,289 | 202 | 172 | 11,880 | |
| Other Metal Industries | 382 | 315 | 23,234 | 377 | 276 | 18,548 | |
| Oil Mills and Hydroge- nated Oil Mills. | 67 | 56 | 3,857 | 66 | 53 | 3,137 | |
| Scientific goods and Instru- ment including Mint. | 26 | 19 | 3,133 | 3 0 | 25 | 2,977 | |
| Glass and Glass products including Potteries | 43 | 35 | 11,852 | 41 | 29 | 9,090 | |
| Distillery, Breweries, Carbonated Water, etc. | 13 | 11 | 1,144 | 16 | 14 | 1,115 | |
| Paper Mills and Paper Board Straw. | 30 | 30 | 11,626 | 33 | 31 | 10,870 | |
| Leather and Tanneries . | 7 | 4 | 297 | 59 | 44 | 702 | |
| Cotton and Jute Presses | 34 | 32 | 3,831 | 34 | 32 | 2,601 | |
| Rubber Goods | 28 | 25 | 17,899 | 30 | 29 | 18,231 | |
| Others . | 292 | 261 | 24,311 | 356 | 303 | 22,535 | |
| Ordnance Factories | 8 | 8 | 16,993 | •• | | | |
| All Industries combined | 2,613 | 2,285 | 654,901 | 2,820 | 2,407 | 592,241 | |

8j. Suhrid Kumar Mullick Chowdhury:

বিভিন্ন ইন্ডান্ট্রির যে তালিকা দিয়েছেন ষেমন

Jute textile, cotton textile, silk textile, hosieries, woollen mills, other textiles, engineering, iron and steel, other metal abstracting, refining, rolling, etc., petroleum, kerosene, etc.

সবার ভিতর দেখা যাচ্ছে ১৯৫১ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত যে তালিকা আছে, তাতে ওয়ার্কারদের সংখ্যা অত্যন্ত কমে গিয়েছে, তাতে কি এটা মনে করা যেতে পারে এই সমন্ত ইন্ডাণ্ট্রিগ্রেলত ১৯৫১ সালে যেভাবে, যে ধরণের কাজ চলতো, তার থেকে ১৯৫৪ সালে কমী সংখ্যা কমে যাওয়াতে, সেখানে ডিটিরিয়রেশন হয়েছে?

Mr. Speaker: That is a matter of opinion.

8j. Suhrid Kumar Mullick Chowdhury:

১৯৫১ সালে যে কমী ছিল, ১৯৫৪ সালে, তার চেয়ে কমী কমে গেল, এর কারণ কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

কারণ বথ⁻, আছে। কোনটা কমেছে, কোনটা বেড়েছে। কোথাও কাজ কমেছে, কোথাও কাজ বেড়েছে, কোথাও কাজ খানিকটা হয়ে বন্ধ আছে, কোথাও লোক ছাটাই হয়েছে। হয়ত ইন্ডাম্প্রি-ওয়াইজএ নাচুরাল স্টেজ না থাকার জন্য লোক নেওয়া হয় নি।

8]. Suhrid Kumar Mullick Chowdhury:

আপনি যেখানে অল ইন্ডাণ্ট্রিজ কমবাইন্ডএর তালিকা দিয়েছেন, সেই হিসাবে দেখা যাচ্ছে যে, ১৯৫১ সালের চেয়ে ১৯৫৪ সালে কমীর সংখ্যা কমে গিয়েছে। এখানে আমার বছব্য হচ্ছে, ওই কমটা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা করা সত্ত্বেও হল কেন

The Hon'ble Kali Pada Mookerjee:

তথনও পর্যান্ত যে পরিকল্পনা ছিল সেটা হচ্ছে খাদ্য সম্বন্ধে, এবং তাকে স্বয়ংসম্পূর্ণ করা। তথন ইন্ডান্ট্রিক সেকেন্ড ফাইভ-ইয়ার গ্ল্যানএ দূন্টি দেওয়া হয়েছে, সেখানে অর্ডান্যান্স ফ্যান্ট্রির ছিল, সেই অর্ডান্যান্স ফ্যান্ট্রিরকে এখন বাদ দেওয়া হয়েছে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ডাইরেকশন অনুসারে।

8j. Mrigendra Bhattacharjya:

জ্বট ইন্ডান্ট্রিতে......

Mr. Speaker: Question time is over. Supplementaties to this question are held over.

[4-4-10 p.m.]

COVERNMENT BILL

The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee

Mr. Speaker: Let us now take up the Panchayat Bill I may tell honourable members that I had a discussion with the Party Whips I have made a request. We have to try and avoid unnecessary waste of time. If there is one amendment which more than one member has tabled, members will kindly consider and decide among themselves as to which of the members will speak on it. I have had a discussion with the Party Whips and I made the request to avoid unnecessary waste of time—I do not know—how far it will work. Party leaders have promised to help me.

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, যে কথা আর্পান বললেন, তার ভূল ইন্টারপ্রিটেশন হতে পারে, আর্পান আমাদের কেবল একটা রিকোয়েস্টই করেছেন এবং সেটাকে আমরা রিকোয়েস্ট হিসাবেই জানি, তার বেশি কিছু বলব না।

Mr. Speaker: It is only a request.

Dr. Atındra Nath Bose:

আপনি যে বললেন, সমসত পার্টিব লীডারদেব ও পার্টি হুইপদের, কিন্তু আমাদের ত কিছু, বলা হয়নি, আমরা কোন খবরই এ সম্বন্ধে পাই নি।

Mr. Speaker: I called for you a dozen times but you were not available. You are acting unitedly and three out of the four Party Whips were called; I had discussion with them; and I hope you will give your co-operation. Now, let us take up clause 16.

Clause 16

The Hon'ble Copika Bilas Sen Cupta: Sir, I only move No. 198B and not No. 1984

Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the amendments as moved except those that are out of order.]

- Si. Sasabindu Bera: Sir I beg to move that clause 16(1)(a) be omitted.
- 8j. Tarapada Dey: Sir, I beg to move that clause 16(1)(b) be omitted.
- **Sj. Subodh Banerjee:** Sir, I beg to move that in clause 16(1)(b), lines 2 and 3 after the word "misconduct" the words "involving moral turpitude" be inserted.

I also beg to move that in clause 16(1)(c), line 1, after the words "by himself" the words "or by his agent" be inserted

The Hon'ble Copika Bilas Sen Cupta: Sir, I beg to move that in the proviso to clause 16(1)(c), in lines 5 and 6, for the words "incorporated or registered under the Indian Companies Act, 1913" the words "as defined in the Companies Act, 1956" be substituted.

- 8j. Subodh Banerjee: Sir, I beg to move that clause 16(1)(g) be omitted.
- **8j. Sasabindu Bera:** Sir, I beg to move that in clause 16(1)(g), line 2, γ for the word "during" the word "for" be substituted.
 - **8j. Jnanendra Kumar Chaudhury:** Sir, I beg to move that in clause 16(1)(g), line 3, after the word "unpaid" the word "or" be added.
 - 8j. Tarapada Dey: Sir. I beg to move that in clause 16(2), line 2, after the words "tot an offence" the words "involving moral turpitude" be inserted.
 - **8j. Subodh Banerjee:** Sir, I beg to move that after clause 16(1)(g), the following new item be inserted, namely:—

"(h) he has been convicted of an election offence.".

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 16(2), lines 2 and 3, for the words beginning with "of an offence" and ending with "than six months" the words "on grounds of moral turpitude or any antisocial activities" be substituted.

- 8j. Jyotish Chandra Roy: Sir, I beg to move that in clause 16(2), lines 2 to 6, for the words beginning with "punishable" and ending with "Gram Panchayat" the words "involving moral turpitude" be substituted.
- **8].** Cangapada Kuar: Sir, I beg to move that in clause 16(2), lines 2 and 3, for the words "punishable with transportation or imprisonment for a period of more than six months" the words "involving moral turpitude or any anti-social activities" be substituted.
- 8j. Probodh Dutt: Sir, I beg to move that in clause 16(2), lines 6 and 7, the words "for five years from the date of expiration of the sentence" be omitted.
- 8j. Balailal Das Mahapatra: Sir, I beg to move that the proviso to clause 16(2), be omitted.

Si. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহোদয়, ১৬ নং ক্লজে গ্রাম পণ্ডায়েতের সভা, অধাক্ষ ও উপাধ্যক্ষ হবার ক্ষেত্রে কি কি ডিসকোয়ালিফিকেশন্স থাকতে পারে, সেগ্রাল নির্দেশ করা হয়েছে, সেই ডিস-কোয়ালিফিকেশন্সএর মধ্যে রয়েছে, যদি কোন ব্যক্তির ২৫ বছরের কম বয়স হয়, তিনি কোন গ্রাম সভার সভ্য হতে পারবেন না. বা অধ্যক্ষ উপাধ্যক্ষও হতে পারবেন না। আমি এই ধারাটাকে অত্যন্ত মারাত্মক মনে করি। এই এজ লিমিট থাকার কি প্রয়োজন আছে। মানুষের বুদ্ধি বিবেচনা বা কর্মক্ষমতা বয়সের উপর নির্ভার করে না। এই মূলনীতিটাকে এখানে অস্বীকার করা হচ্ছে বলে আমি মনে করি, ২১ বংসর বয়স হলেই ত গ্রাম সভার সভা হতে পারে, আবার ২৫ বংসরের লিমিট বাধবার প্রয়োজন কি? ২৫ বংসরের পূর্বেই মান্ত্র যথেণ্ট ক্ষমতার পরিচয় দিতে পারে। ২৫ বংসরের পূর্বে অনেকে সাহিত্য বিজ্ঞান ও দর্শনে পারদর্শীতা দেখিয়েছেন. এমন কি শাসন তলের ব্যাপারে ও রাজনৈতিক ক্ষেত্রেও অলপ বয়সে নিপনেতা দেখিয়েছেন অনেকে। আকবর ১৩ বছর বয়সে সমাট হয়েছিলেন। নবাব সিরাজদেনীল্লা ১৬ বংসর বয়সে বাংলার নবাব হয়েছিলেন। পার্লামেন্টারি গণতন্তের ক্ষেত্রে আমরা যাদের অনুসরণ করছি, সেই व्हिंग भार्मात्मगोति गर्जनत्मारग्वेत मुग्लोग्ज एमथान। উटेनियम भिएं ১৭ वছत वस्त्र अम. अ পাশ করেন, ২১ বছর বয়সে ব্টিশ পার্লামেন্টের সভা হন, ২৩ বছর বয়সে চ্যান্সেলার অফ দি এক্সচেকার হন এবং ২৪ বছর বয়সে প্রাইম মিনিন্টার হয়েছিলেন। আর এখানে কি দেখছি আমাদের বাংলা দেশের মানুষ ২৫ বছর বয়স না হলে গ্রাম পণ্যায়েতের সভা হতে পারবেন না। বাংলা দেশের মানুষের সম্বর্ণে এই রকম ধারণা বিষ্ময়কর। আর একটা বিষয়ও মন্ত্রীমহাশয়ের জানা উচিত যে, মানুষের মধ্যে অলপ বয়সেই সেবার প্রবৃত্তি প্রবল থাকে। সূতরাং ২৫ বছরের কম বয়স হলে কোন ব্যক্তি গ্রাম পণ্ডায়েতের সভা হতে পারবে না, এই রকম ধারা থাকাও আপত্তিজনক, এ রকম ব্যবস্থা থাকা উচিত নয় বলে আমি এটাকে তলে দিতে বলি।

আমার পরের এ্যামেন্টমেন্ট্টা হচ্ছে ২০১ নং। ১৬(১)(জি)তে বলা হয়েছে যে কোন ব্যক্তির ক্ষেত্রে

any tax, toll, free or rate due from him under this Act during the year previous to that in which the election is held remains unpaid.

তাহলে সে ডিসকোয়ালিফাইড হবে। আমি এই ডিউরিং কথাটা তুলে দিয়ে তার বদলে ফর বসাতে বলছি। আমার কথা হচ্ছে যে, যে বংসরে ইলেকশন হবে, তার পূর্ব বছরের যদি দেয় থাকে, আর আগের বছরেরই সেটা যদি মিটিয়ে দেওয়া না থাকে, তাহলে ইলেকশনের পূর্বে সেটা মিটিয়ে দেওয়া না থাকে, তাহলে ইলেকশনের পূর্বে সেটা মিটিয়ে দেওয়া যাবে, এইটেই হওয়া উচিত। কিন্তু ডিউরিং কথাটা থাকলে সে স্বুযোগ থাকে না। এই সামান্য কারণের জন্য গ্রাম সভার সভা, অধ্যক্ষ বা উপাধাক্ষ হবার পথে এ রকম ডিসকোয়ালিফিকেশনএর একটা নিষেধ বা বাধা থাকা উচিত নয় বলে আমি মনে করি, কাজেই এটা তুলে দিতে বলছি।

Si. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, ১৬নং ধারায় অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং গ্রাম পঞ্চায়েতের সভ্য হবার পক্ষে ডিসকোয়ালিফিকেশনগর্নল বলা হয়েছে। এখানে একটা জায়গার দিকে তাকিয়ে দেখনে বে, কি রকম অস্পণ্টভাবে ভাষাটা রেখে দেওয়া হয়েছে। যার ফলে অনেক কিছ্ অর্থ বা অনর্থ হতে পারে। (বি) আইটেমটা দেখন

"he has been dismissed from the service of the Central or State Government or Local Authority for misconduct."

আপনি হয়ত জানেন যে, সরকারী নিয়ম অনুসারে মিসকন্ডান্ট কথাটার কত ব্যাপক **অর্থ** বোঝার। কোন কর্মচারী একটা কড়া করে চিঠি লিখলো, উর্ধতন সরকারী কর্মচারীর কাছে আইনে সেটা মিসকন্ডান্ট বলে ধরা হয়ে থাকে। এ রকম হামেসাই দেখা যায়। কাজেই এই মিসকন্ডান্টএর ভিতর কি যে পড়ে আর কি যে পড়ে না তা বলা শন্ত। আজ পর্যক্ত from the Peoples Representation Act to Bengal Municipal Act

কোথাও দেখতে পাই নি যে, মিসকন্ডাক্টএর দর্ন নির্বাচনে কেউ দাঁড়াতে পারবে না। এই ধারাটা কোথাও নাই। আছে কি? আছে গ্রস মরাল টারপিচিউডএর দোষে যদি কেউ দোষী থাকে, তাহাতে সে নির্বাচনে দাঁড়াতে পারবে না। সমস্ত জায়গায় নির্বাচন সংক্রান্ত আইনে বে ভাষা আছে সেই ভাষাটাকে তুলে দিয়ে মিসকন্ডাক্ট কথাটা বসাবার কি যাছি থাকতে পারে, তা আমি ব্রুতে পারি না। তাই আমি বলছি ঐ মিসকন্ডাক্টএর জায়গায় ইনভল্ডিং গ্রস মরাবা টার্বাপিচিউড এই কথাগালি যোগ করা দরকার। তাহলে দাড়াছে এই যে কোন বাক্তি নাঁডি দ্রুটার দোষে দে ধী হলে অধাক্ষ উপাধাক্ষ বা সভা হতে পারবে না। এইটেই হওয়া উচিড বলে আমি মনে করি। তারপর (সি)তে রয়েছে—

the has directly or indirectly, by himself or by his partner or employer or an employee any share "

[4-10-4-20 p.m.]

এখানে সব কথাই বলেছেন, শ্ধ্ একটি কথা নেই, এক্টেট কথাটা। কোন লোকের শেয়ার থাকতে পারে বা পার্টনাবএব দ্বারা সে বাবসা কবতে পারে, সে কথা বলা হয়েছে: কিন্তু সে যে এক্টেন্টএব মারফতও বাবসা করতে পারে, তা বলা হয় নি। আপনি জানেন যে, পিপলম, রিপ্রেলেটেশন এটিউএ এই এক্টেন্ট কথাটা আছে। তাই আমি বলছি যে, ভাষাটা হওয়া উচিত.

the has directly or indirectly, by himself or by his partner or employer or an employee or agent.

অথাং এই অর এডেন্ট এই কথাটা থাকা উচিত। আপনি জানেন যে, বহ**্লোক বেনামীডে** বাবসা করে এবং বেনামীতে বাবসা করে আইনকে ফাঁকি দিতে পারে, স্ভরাং বাই এ**জেন্ট** ▲ কথাটা থাকা দরকার।

তৃতীয়তঃ, হচ্ছে আইটেম (জি)তে আছে এনি ট্যাক্স, টোল, ফি অর রেট ইতাদি যদি কারো বাকি থাকে, তবে সে নির্বাচনে দাঁড়াতে পারবে না। এটা থাকা উচিত নয়। এটা অত্যুক্ত থারাপ ধারা। এটাডাল্ট ফ্রান্টাইজএর কথা যেখানে হচ্ছে সেখানে এগালি আবার কেন? রেস্ট্রিকটেড ফ্রান্টাইজ যেখানে আছে, যেমন মিউনিসপালিটি, ডিণ্ট্রিক্ট বোর্ড, ইউনিয়ন বোর্ড ইতাদিতে এ ধারা থাকতে পারে। কিন্তু যেখানে এটাডাল্ট ফ্রান্টাইজএর কথা আছে সেখানে এ প্রন্নই উঠতেই পারে না। স্তুরাং এটা বাদ দেওয়া দরকার বলে আমি মনে করি।

আর একটা জিনিষ মন্ত্রীমহাশয় বাদ দিয়েছেন, আমি সেটা যোগ করতে চাচ্ছি—
"if he is guilty of an election offence;"

এই রকম দোষ যদি কেউ করে থাকে তবে সে অধ্যক্ষ বা উপাধ্যক্ষ হতে পারবে না। এ জিনিৰ বিষ্ণাল মিউনিসিপালে এার্ক্টএ আছে, পিপল্স রিপ্রেজন্টেশন এ্যার্ক্টএ আছে, যেমন ঘ্স দেওরা, জার জবরদন্তিত করে ভর দেখিয়ে ভোট আদার করা মিধ্যা নামে ভোট দেওয়া ইত্যাদি। এই সমস্তগর্বিল ইলেকশন অফেন্স, এগর্বিল গ্রেছপ্রণ অপরাধ। এই অপরাধ করলে নির্বাচনে হাজতে পারবে না, এটা এই কল্পএ থাকা উচিত বলে মনে করি।

Si. Probodh Dutt:

এখানে লেখা আছে, এই ১৬ ধারায় সাব-সেক্সনএ যে যদি কেউ অপরাধের জন্য ছয় মাসের বেশী দন্ডিত হয়, তাহলে সে পাঁচ বংসর পর আবার নির্বাচনের জন্য প্রার্থী হতে পারবে। কিন্তু কুজ ১৬(১)(বি)তে আছে যে যদি কেউ গভর্নমেন্ট সার্ভিস থেকে ডিসমিস হয়, তাহলে সে চিরকালের জন্য প্রার্থী হতে পারবে না। এখানে আমার কথা হচ্ছে, যদি কোন ব্যক্তি এই সব গ্রেত্র অপরাধের জন্য যেমন মনে কর্ন ডাকাতি, সতীত্ব নন্ট, নারী হয়ণ এই সব গ্রেত্র অপরাধের জন্য যেমন মনে কর্ন ডাকাতি, সতীত্ব নন্ট, নারী হয়ণ এই সব গ্রেত্র অপরাধে দন্ডিত হয় তাহলে পাঁচ বংসর বাদে আবার সে নির্বাচিত হতে পারে এটা ইনকন-সিসটেন্ট। কারণ যে মান্য দেশের লোকের সভগে অসদাচরণ করবে তাঁকেও চিরকালের জন্য বাদ দেওয়া উচিত বলে আমি মনে করি। সেই জন্য এই রকম ৫ বংসর তুলে দিয়ে এদের বেলাও চিরকালের জন্য তারা দাঁড়াতে পারবে না এই বাবস্থা করা উচিত।

8j. Tarapada Dey:

সাার, আমার এমেন্ডমেন্টএ ১৬(১)টা তুলে দিতে বলছি। সেখানে বলা হরেছে যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিন্বা প্রাদেশিক সরকারের কাছ থেকে কিন্বা লোকাল অর্থারিটির কাছ থেকে মিসকন্ডাক্টএর জনা যদি ডিসমিস করা হয় তাহলে সে ইলেকশনএ দাঁড়াতে পারবে না। এর ফলে সরকারের অনুগত লোক ছাড়া আর কেউ দাঁড়াতে পারবে না। তার একটা উদাহরণ দিছি, কোন একটা স্কুলে একজন শিক্ষক, রঞ্জিত মুখাজনী নিযুক্ত হন, কিন্তু এস, আই এবং ডি. আই তাকে এাপেরেন্টমেন্ট লেটার দিল না। হঠাং তাকে বলা হল যে, মিসকন্ডাক্টএর জনা তার চাকরি গোল। সেটা কি রকম মিসকন্ডাক্টে, না রিপাবলিক ডেতে তিনি হাজির ছিলেন না। তাবপর তিনি দরখান্ত করলেন শিক্ষামন্ত্রীর কাছে। সমন্ত বষয় শুনে তিনি বললেন যে, যদি এই বিষয়টা সতা হয়, তবে তাকে প্রনির্মাণ্ড করা হক। সেই চিঠি গেল ডি. আই. অফিসএ, সেখান থেকে কংগ্রেস অফিসএ গেল এবং তার ফল কিছ্, হল না। তারপর ডান্ডার রায়ের কাছে আবেদন করা হল। তিনি প্রথমে বললেন যে, ইনভেন্টিগোণন করা হবে। তারপর বললেন যে কর্তৃপক্ষ যা ইনভেন্টিগোট করেছে তার বেশী আর কিছ্ করা যায় না, তাকে নেওয়া হবে না, মিসকন্ডাক্টএর জন্য। এই আইন থাকলে অন্য রাজনৈতিক দলের প্রতোক লোকের ঐ রঞ্জিত মুখাজনী মত অবন্ধা হবে। সেই জন্য বলছি যে এই অংশটা বাদ দিয়ে দেওয়া হক।

Mr. Speaker: That is identical to what Shri Subodh Banerjee has said.

Si. Tarapada Dev:

আমার ১৬(২)তে হচ্ছে.

"it any person has been convicted by criminal court of an offence involving moral turpitude"

এই কথা বলতে চাই। কারণ এখানে কোন ফোজদাবী আাণালতে কোন বাজি যদি ছয় মাসের বেশি সাজা প্রা॰ত হয় তাহলে নির্বাচনে দাঁড়াতে পারবে না। ফোজদারী আদালতে অনেক কারণে সাজা হতে পারে বর্তমান ক্ষেত্রে আমরা দেখেছি যে, বিভিন্ন বকম আন্দোলন আমাদের দেশে হচ্ছে যেমন মার্জাবএর বির্দেধ আন্দোলন কবা হয়েছিল, ছাত্র আন্দোলন, শ্রমিক আন্দোলন, এই রকম বহু আন্দোলন হচ্ছে এবং এই সব আন্দোলনে বিভিন্ন রাজনৈতিক দলের বহু, লোকের ফোজদারী আদালতে বিচার হয়েছে। আজ যদি এই ক্রজ থাকে তাহলে সরকার বিরোধী পক্ষের কোন লোকই এই গ্রাম পঞ্চায়েতে সদস্য হতে পারবে না। সেই জন্য বলছি যে, মরাল টার্রাপিচিউড কথাটা বিটিশ আমালেও ছিল। তাই আমি

"of an offence involving moral turpitude"

কথাটা রাখতে চাচ্ছি। এটা যদি না রাখেষ তাহলে ব্ঝবো যে পার্পসালই এটা রাখছেন না বাতে অনা দলের কোন লোক এই গ্রাম পঞ্চারেতে থাকতে না পারে। আপনাদের হাতে সমস্ত ক্রমতা রাখবার জনাই এই রকমভাবে আইন করছেন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

স্পীকার মহাশয়, আমার এ্যামেন্ডমেন্ট যা রয়েছে তাতে বলা হয়েছে যে, আনকরচুনেটাল যদি কারো ইনফেকশন থাকে, যদি কোন আনফরচুনেট লোক থাকে

who is suffering from leprosy then he ought to be excluded from being an adhyaksha, upadhyaksha or a member of the Gram Panchayat.

কেন না আমাদের দেশে এটা আমরা অনেক সময় দেখেছি, আমি ওকালোতি করবার ক্ষেত্রেও এটা দেখেছি যে ঐ রকম সব লোক তারা কাগজপত্র ঘাটছে। এবং তারা অনেক সময় কাগজের বান্ডিল হাতে নিয়ে আসে, সেগ্লিল আমাদের বাখতে হয়। ঐ সমসত লোক যে লেপার ইনফেকশন স্পেড করে তাদের সে জ্ঞান নেই। সেই জনা ভিসকোয়ালিফিকেশনএর মধ্যে যারা মাান অফ আনসাউন্ড মাইন্ডএর কথা বলা হয়েছে সেই রকম এই আইনের মধ্যেও বলা উচিত গোলেপ্রসি যাদের আছে তাবা মেন্বার হতে পাবরে না। এটা অনানা স্টেটও আছে। সেই জনা মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে, তিনি যেন এই এগমেন্ডমেন্ট গ্রহণ করেন, নতুবা পাডাগ্রামে অনেক ইনফেকশনস বেডে যাবে।

[4-20-4-30 p.m.]

Sj. Balailal Das Mahapatra:

হাননীয় স্পীকার মহাশ্য আমি ১৬(২) নং ধ্বাড়া আমিটা করতে ব<mark>লছি। এথানে ওরা</mark> বল্ছেন

"Central Government or State Government or local authority for misconduct"

ঠিক কববেন মিসকণ্ডক্টে। এটা যদি কোটা হাত ভাহলে কথা ছিল। কিন্তু যেখানে উচ্চপদম্প কর্মচানাদির উপন এ জিনিষটা দেওয়া হয় তাব ফল ভাল হয় না এবং সামান রক্ষ মিসকন্ডাই-এব নামে তাদেব খোলাল খ্সীমত অনেক ভাল কর্মচানাকৈও তাড়িয়ে দেবার বাবম্থা হয়। আমি একটা উদাহবণ দিয়ে বলছি। মিসকন্ডাই কিভাবে গ্রহণ করা হয়, ১৯।৬।৫৪ তারিখে দেউই বাসএ একটা ঘটনা হয়েছিল। মিসকন্ডাই কিভাবে ব্যাপক আকারে বাবহাত হয়, সে কথাই বলছি। পশ্চিমবুজের পুনুব্বিসন দুজ্বের স্পেশ্যাল অফিসার হচ্ছেন শ্রীরেণুকা সেনগাণত।

Mr. Speaker:

এ ঘটনা বলছেন ইন্সট্যান্স দিছেন, এটা কি কটে মেশ্ন > কি কবে এর জবাব দেবেন? you have not given notice of it

Sj. Balailal Das Mahapatra: Misconduct

কভাবে ব্যাপকভাবে চলছে তাই একটা বলছি।

Mr. Speaker:

এ সমহত কথা এখানে বলে লাভ কি

Sj. Balailal Das Mahapatra:

দ্ মিনিট সময় দিন, আমি তাদেব একটা, দুখি আকর্ষণ করতে চাই। আমি বলতে চাই
যে, অনেক ভাল লোক যোগা বাছি এ রকম নির্বাচনে আসতে পার্বে না, যদি মিসকভাট শব্দটা
থাকে। যেটা বলছি, রেন্কা সেনগ্ৰ্যু তিনি যাচ্চিলেন স্টেট বাসএ এক সংগীকে নিরে।
যাসে তাঁড় ছিল তিনি দুখনা টিকিট কিনেন একটি তার জন্ম আন একখানা তার সংগীর
দুনা। পবে তিনি জানতে পারেন যে তার সংগীও আর একখানা টিকিট কিনেন। তিনি তখন
সই টিকিটখানা ফেরং নেবার জনা বলেন কিন্তু সেই টিকিট পাণ্ড হয়ে গেছল কাজেই কন্ডাইর
সই টিকিট ফেরং নেয় নি, সেজনা তার হল মিসকন্ডাই, তাকে চোর বদমান বলে গালাগালি
দরলেন। তারপর সেই কন্ড ইরএর রাইটার্স বিন্ডিংসএ বিচার হল, বিচারের পর কন্ডাইরকে
লা হল, তাকে তার কাছে ক্ষমা চাইতে। তিনি বললেন, আমি কর্তবা করেছি আর আমাকেই
লা হচ্ছে, ক্ষমা চাইবার জন্য। ক্ষমা চারনি বলে তাকে মিসকন্ডাইএর জন্য বিত্রাড়িত করা হল।
বই হল মিসকন্ডাইএর ভাষা।

Mr. Speaker: You cannot get reply to that.

3]. Bankim Mukherji: We need not always want replies to these things. Let him be aware of these facts.

Sj. Balailal Das Mahapatra:

এই কন্ডাক্টর রাধাকানত চৌধ্রী ৪১৮ নং সেই বেচারাকে এক বছর পর্যন্ত হয়রানি করা হয়েছে, সাসপেন্ড করা হয়েছে, ভাল গভর্নমেন্ট যদি হত তাহলে তার কর্তব্য পরায়ণতার জন্য এবং তার প্পতবাদীতার জন্য তাকে প্রস্কৃত করা হত। কাজেই এই মিসকন্ডাক্ট কথাটা হলে অনেক যোগা ব্যক্তিই নির্বাচিত হতে পারবে না। কাজেই ১৬ নং ধারা থেকে সাব-সেকশন (বি)টা তুলে দেবার জন্য অন্কেংধ করছি। কোর্ট আসছে না কোথায় যে কোর্ট..........

Mr. Speaker: I cannot allow you to speak on 204. That is out of order. Come to 208.

8j. Balailal Das Mahapatra:

আমি বলতে চাচ্ছি যে, এটা অমিট করতে।...

Mr. Speaker: You are speaking on all the amendments and you want to speak on the clause.

Sj. Balailal Das Mahapatra:

আমি ২০৪এ বলতে পারব না?

Mr. Speaker: You cannot speak on it because it is out of order.

Sj. Balailal Das Mahapatra:

আমার আপত্তি হচ্ছে, উদ্দেশপোর্টেশন অথবা পোলিটিক্যাল ইন্প্রিজনমেন্ট এই যে বলছেন "has been convicted by a Criminal Court of an offence punishable with transportation or imprisonment for a period of more than six months." যদি কোন নৈতিক প্রণ্টত র জন্য এথবা চোরা কারবার জোচ্চর বদমাস এই জাতাঁর লোককে যদি বাদ দেওয়া হয়, তাহলে আপত্তি নাই, কিন্তু যারা ভূদান আন্দোলনে কিংবা খাদ্য আন্দোলন করে জেলে গিয়েছে বা রাজ্য প্রনগঠন আন্দোলনে কিংবা খ্রাম ভাড়া আন্দোলনে যদি করেও ইন্প্রিজনমেন্ট হয়ে থাকে, এ জাতায় লোককে বাদ দেওয়া মারাম্মক বাপার, এটা যদি হয় তাহলে অনেক ভাল লোকও আসতে পারবে না। কিন্তু এই প্রোভাইসোতে বলা হয়েছে যদি স্টেট গভর্নমেন্ট মনে করে, তাহলে কোন একজনের প্রতি অনুগ্রহ বর্ষিত হবে এবং তিনি নির্বাচনে আসতে পারবেন। সেজন্য বলছি যে এই প্রোভাইসো তুলে দেওয়া হোক। চোর জোচ্চর বদমায়েদ যাতে না আসতে পাবে সেটা আমাদেরও দাবী। কিন্তু যারা ভাল ভাল লোক তারা যদি আসে তাহলে পঞ্চায়েত স্গেটিত হবে, দেশেব কাজ হবে– সেদিক বিবেচনা করে যেন যোগতোর মাপকাঠি তৈরী করা হয়।

8j. Jyotish Chandra Roy:

মাননীয় দপীকার মহাশয়, যদি কোন বান্তির কোন কারণে ছয় মাসের বেশী ভেল হয়, তাহলে তিনি অধ্যক্ষ বা উপাধ্যক্ষ পদের জন্য দাঁড়াতে পারবেন না। তিনি কোর্টের অধিকারও পাবেন না। ব্টিদ আমলে ইউনিয়ন বোর্ডে এই প্রথা ছিল। আমি এখানে চাইছি শুধু নৈতিক কারণে জেল হলেই এই আইনের আওতায় আসবে, তার উপর এটা আরোপ করা হোক অনোর উপর না করে। আজকে দেখা যাছে, প্লিশের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে তাতে যে কোন কারণে তাঁরা এই আইন প্রয়োগ করতে পারেন। আমার কথা হচ্ছে সামানা কারণে আপনারা কোন লোককে গ্রাম পঞ্চায়েতে আসতে দেবেন না এবং আপনাদের দলীয় লোক ছাড়া কেউ সেখানে আসার অধিকার পাবে না, এটা খুবই অন্যায়। সেজনা আমি এটা পরিরত্বন করবার জন্য মন্দ্রীমহাশয়কে অনুরোধ করছি। ব্টিশ আমলে ছিল যে শুধু নৈতিক কারণে তারা পারতো না সেটাই রাখুন, বাকীটা তলে দিন।

Sj. Saroj Roy:

আমি স্যার, এই ক্লের উপর কিছ্ব বলতে চাই,

Mr. Speaker: You are making this request on every clause. I have never allowed this practice. On a simple clause 11 amendments have been discussed. You want to speak on the first reading, on the second reading. That is not allowed. If I allow you I have got to allow it to everbody. That is an obstructionist policy.

Sj. Saroj Roy:

আমরা জানি যে আমরা এখানে যতই বলি না কেন এগ্রিল ও'রা পাশ করিয়ে নেবেনই। তবে আমাদের এগ্রির উপর বলার অধিকার আছে।

Mr. Speaker: Up to these 15 clauses debate has already taken 21 hours tor 5 days—an unprecedented record. Do not make that allegation. The longest debate has taken place on this Bill.

Sj. Saroj Roy:

ও'রা একটা খারাপ বিল নিয়ে আসবেন, আর আপনি আমাদের কিছু বলতে দেবেন না।

Mr. Speaker: Do not make a wrong allegation.

8j. Saroj Roy: What do you mean by wrong allegation? This is a very bad Bill.

Sj. Ajit Kumar Basu:

এটাতে বলার অধিকার আমাদেব আছে।

Mr. Speaker: There must be some principle.

Sj. Ajit Kumar Basu: This Bill requires detailed discussion. That is why

আমাদের তবফ থেকে মাঝে মাঝে আম্বা বলি যে-জিনিস্প্লি বলা হয় নি।

Mr. Speaker: Yes, that is being allowed; there is no objection to that principle. He is the only person who is taking exception to every clause and he wants to speak. That is something unusual. If I do not allow other members why should I allow you? You are abusing my indulgence.

Sj. Saroj Roy: How is it?

Mr. Speaker: Because every time you want to speak. I have to control the debate.

Sj. Biren Baneriee:

কথাটা হচ্ছে যদি ইনডালজেন্স বলেন, তাহলে আমরা বলতে চাই না আপনার ইনডালজেন্স যদি কেউ অপবাবহার করে, তাহলে

you have got your hammer to pull up.

Mr. Speaker: I have got to painfully say that.

Sj. Biren Banerjee:

আপনার যথেষ্ট অধিকার আছে, যদি রিপিটিসন হয়, তাহলে তা কাট আউট করে দেবার। কিন্তু ব্যাপার হচ্ছে যদি কোন মেন্বর ফিল করেন যে এই পয়েণ্টটা বলা হয় নি, স্তরাং আমি বলতে চাই, সেই ক্রজের উপর তাহলে আপনি তাকে সেই অধিকারটা দেবেন না কেন?

Mr. Speaker: Of course, there is repetition. Every time I have given you the opportunity. No use repeating that.

[4-30-4-40 p.m.]

I am only pointing out how liberal I have been so far as this Bill is concerned. I have got to control the debate.

8j. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশর, ১৬ নং কুজএর উপর এইজন্য বলা দরকার হচ্ছে যে, কালকে ১৪ নং কুজএর উপর বহু বিতর্ক হয়েছে এবং তার প্রধান কারণই হল, এই পঞ্চায়েৎ বিলে যে ১৪ নং কুজ অ:না হয়েছে এই ১৪ নং কুজএর ডিমোক্রাটিক ক্যারাক্টর গণতান্তিক চরিত্র যা সম্পর্কে সরকার পক্ষ থেকে অনেক কথাই বলা হয়েছে, সেই গণতন্তকে সম্পূর্ণভাবে নাকোচ করে দেভয়া হয়েছে। এখন ১৬ নং ক্লভ আনা হচ্ছে। এর পূর্বে ১৪।১৫ নং পাস করিয়ে নিয়ে আপনারা গ্রাম অণ্ডলের জনসাধারণের সমস্ত রকম গণতান্ত্রিক অধিকার কার্টেল করলেন। এখন যে কোয়ালিফিকেশনএর প্রশ্ন এসেছে, এতে চার্নাদক থেকে এমন অস্ক্রিধার স্মৃতি হবে যাতে ভাল লোকের পক্ষে প্রথায়েতে যাওয়া যথেষ্ট অস্ত্রিধা হবে। আমরা বিরোধিতার জনাই বিরোধিতা করছি না আমাদের বিরোধিতার মধ্যে যথেষ্ট রিজন আছে বলে মনে করি। আমি এখানে বলতে চাই (ডি) (ই), (এফ)কৈ রাখনে, বাকিগালি বাদ দিন। যদি ভবিষাতে দেখেন এর সত্যিকারের প্রয়োজনীয়তা আছে প্র্যাক্তিক্যাল ফিল্ডয়ে, তবে আপনাদের হাতে ক্ষমতা আছে, যে কোন সময় যুক্তি দেখিয়ে এামেন্ডমেন্ট আনতে পারবেন। বিটিশ আমলেও আমাদের দাবি দাওয়া নিয়ে আন্দোলন করতে হয়েছিল। বর্তমানেও কৃষক মজদূর, মধ্যবিত্ত জনসাধারণকেও তাঁদের দাবি দাওয়া নিয়ে আন্দোলন করতে হয়, র্যাদও সেই আন্দোলন আপনারা স্বীকার করতে চান না। জোর করে জেলের মধ্যে ঢুকিয়ে দেন, অবশা শেষ পর্যন্ত মেনে নিতে বাধ্য হন। যত ভাল লোকই হোন না কেন. যত পপ্লোর ফিগারই হোন না কেন. আপনারা জেলের মধ্যে আবন্ধ করতে ভ্রাক্ষেপ করবেন না। এখানেও তাই দেখছি একটা প্রভিসন রেখে দিয়ে তাদের একেবারে ঠান্ডা করে দিতে চান। এই যে আইন হতে চলেছে এর এদাণ্লিকেশন কিভাবে হবে তা আমরা জানি। আমাদের বহু অভিজ্ঞতায় তা আমরা দেখেছি। মন্ত্রীমহাশয়কে বিশেষ-ভাবে অনুবোধ করছি যে, ১৪।১৫ নং তো পাস করিয়ে নিয়েছেন, তাবপরে এ যদি ১৬ নংও সেই এর্নার্টাচউডই নিয়ে পাস করিয়ে নেন, তাহলে অত্যন্ত থারাপ হবে, তাই বলছি (ডি), (আই), (এফ), রাখ্যন, বাকীগালি ডিলিট করে দিন।

8j. Ajit Kumar Basu:

স্পানার মহাশয়, বাংলাদেশে পঞ্চায়েং বিল পাস হতে যাচ্ছে, কিন্তু সারা ভারতবর্ষের ক্ষেত্রে পঞ্চায়েত নতুন নয়। মাননীয় অধাক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, কোন কোন রাজ্যে যে সমসত ডিসকোয়ালিফিকেশনএর ক্লজ আছে, তার মধ্যে একথাটা আছে, মরাল টাপিচিউড, নৈতিক অধঃপতন হলে পঞ্চায়েতের সভ্য হতে দেওয়া হবে না। কাজেই যে ক্লজটা অন্য স্পেটের পঞ্চায়েং এায়েএ আছে সেটা এখানেও উল্লেখ থাকলে কোন অস্ক্বিধা হবে না। আয়য়া পার্লামেন্টএর মেন্বর হতে পারি, আইন সভার মেন্বার হতে পারি, কিন্তু এমনিভাবে এটা বেখেছেন যে, যেহেতু জীবনে আমরা অনেকবার জেল খেটেছি, সেই হেতু গ্রাম পঞ্চায়েতের সভ্য হতে পারব না। কাজেই এই ডিসকোয়ালিফিকেশন ক্লজটা তুলে দিন, মরাল টারপিচিউডএর জনা জেল—সেটা রাখন।

The Hon'ble Iswar Das Jalan: Sir, with regard to the amendments moved by my honourable friends, I am dealing with the amendments one by one so that they may have an answer to all the points raised by them

With regard to the amendment No. 192, every Act has put the age at 25 years and I think that that age should be put so that a person who becomes Adhyaksha, Upadhyaksha or a member of Gram Panchayet, may have sufficient maturity to discharge his duties.

With regard to the next amendment of Shri Tarapada Dey that clause 16(1)(b) should be deleted. I am sorry I cannot accept that but I will accept the amendment of Shri Subodh Banerjee—No. 197—viz., misconduct involving moral turpitude.

Now, with regard to the next amendment of Shri Subodh Banerjee—No. 198—there may be justification to put the words "or by his agent" but I have found that in almost all the Acts this language has been followed and I feel that the words "or by his agent" will make it very wide and it will be difficult to find out who is an agent and who is not an agent. Naturally it leads to certain difficulties and that is the reason why I feel that other Acts have omitted it and at this stage I am not prepared to include those words because I am afraid that it will bring in more complications.

With regard to 16(1)(g), I am sorry I cannot accept that because those members who do not pay the tax, toll, tee or rate due to the panchayat should not be entitled to be members. That is the recommendation of the Local Finance Enquiry Committee and it is a salutory provision that those people who wish to be members of the Gram Panchayats should pay the dues of their own organization before they can ask others to pay the same. Therefore that is a salutory provision which should remain.

With regard to the amendment of Shri Sasabindu Bera, well, I will accept that amendment because there may be some confusion on account of the word "during". Our meaning is that the rate due from him under this Act for the year previous to that—that should not be due—that was our meaning. This might lead to a bit of confusion and therefore I accept the amendment of Shri Sasabindu Bera—No. 201.

With regard to amendment No. 202 it is difficult to define what is an election offence. I do not find it in many of the Acts and at present I am not going to do it because in that case I shall have to define what is the meaning of election offence. That I cannot do now—the definition clause has already been passed.

With regard to clause 16(2), suggestions have been made that in clause 16(2) the words "moral turpitude" should be included. The difficulty is that when a man has been convicted-whether the conviction has been due to moral turpitude or not-it is to be decided by the Returning Officer at the time when nomination papers are filed. In a Gram Panchayat where the Returning Officer may not be so well versed in deciding the question as to what is moral turpitude and what is not moral turpitude, it might lead to election petitions. Therefore, what we have done is that those people who are punished for such offences in which the punishment is for more than six months and if they wish to stand for such elections, it is their duty to make application to the Government in time and to have their disqualifications removed. In the Select Committee, Sir, we have added, this clause that if the offence does not involve moral turpitude, then their disqualifications shall be removed. Now, whether it is moral turpitude or not, the Government is in a better position to judge legally as to what constitutes moral turnitude. Therefore, with regard to 16(2), I do not think that it is possible for me to accept the amendment.

'4-40-4-50 p.m]

There is one amendment by Si. Probodh Dutt that for five years from the date of expiration of the sentence be omitted. I do not think anybody has done it. This disqualification is for five years. By another amendment clause 16(2) has been sought to be omitted. If this is done the result will be disastrous and therefore we cannot accept it. With regard to the amendment of Sj. Jannendra Kumar Chowdhury which has asked that if a person suffers from leprosy—of course it is a contagious disease—he should be disqualified. Now, Sir. if one disease is taken as a disqualification then there are other contagious diseases. Therefore I cannot accept it. I accept

the amendment of Sj. Gopika Bilas Sen Gupta. Therefore, with the exception of those amendments which I have accepted I oppose all the other amendments for reasons already stated.

There is one thing only. The speaker previous to last one used the word "nirlajja". I think such word should never be used in this House because if we repeat the same thing it will not be palatable. So my request to them would be not to use such words as they would destroy the decorum of the House.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause $16(1)(\mathbf{g})$, line 3, after the word "unpaid" the word "or" be added, was then put and lost.

The motion of Sj. Gopika Bilas Sen Gupta that in the proviso to clause 16(1)(c), in lines 5 and 6, for the words "incorporated or registered under the Indian Companies Act, 1913" the words "as defined in the Companies Act, 1956" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Tarapada Dey that in clause 16(2), line 2, after the words "of an offence" the words "involving moral turpitude" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 16(1)(b), lines 2 and 3, after the word "misconduct" the words "involving moral turpitude" be inserted was then put and agreed to.

The motion of Sj. Subodh Banerjee that in clause 16(1)(c), line 1, after the words "by himself" the words "or by his agent" be inserted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that clause 16(1)(g) be omitted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 16(1)(g), line 2, for the word "during" the word "for" be substituted, was then put and agreed to

The motion of Sj. Subodh Banerjee that after clause 16(1)(g), the following new item be inserted, namely:—

"(h) he has been convicted of an election offence.",

was then put and lost.

The motion of Sj. Balailal Das Mahapatra that in clause 16(2), lines 2 and 3, for the words beginning with "of an offence" and ending with "than six months" the words "on grounds of moral turpitude", be substituted, was then put and lost.

The motion of Sj. Jyotish Chandra Roy that in clause 16(2), lines 2 to 6, for the words beginning with "punishable" and ending with "Gram Panchayat" the words "involving moral turpitude" be substituted was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that in clause 16(2), lines 2 and 3, for the words "punishable with transportation or imprisonment for a period of more than six months?" the words "involving moral turpitude" be subsituted was then put and lost.

The motion of Sj. Probodh Dutt that in clause 16(2), lines 6 and 7, the words "for five years from the date of expiration of the sentence" be omitted was then put and lost.

[4-50—5 p.m.]

The motion of Sj. Sasabindu Bera that clause 16(1)(a) be omitted was then put and a division taken with the following result:—

AYE8-53.

Baguli, SJ. Haripada
Banerjee, SJ. Biren
Banerjee, SJ. Subodh
Basu, SJ. AJit Kumar
Basu, SJ. AJit Kumar
Basu, SJ. Amarendra Nath
Basu, SJ. Hemanta Kumar
Bera, SJ. Sasabindu
Bhandari, SJ. Sudhir Chandra
Bhattacharlya, SJ. Mrigendra
Bhattacharlya, Dr. Kanailal
Bhowmick, SJ. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, SJ. Ambica
Chatterjee, SJ. Haripada
Chatterjee, SJ. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, SJ. Jinanendra Kumar
Chaudhury, SJ. Subodh
Chowdhury, SJ. Subodh
Chowdhury, SJ. Subodh
Chowdhury, SJ. Subodh
Chowdhury, SJ. Natendra
Dal, SJ. Amulya Charan
Dal, SJ. Amulya Charan
Das, SJ. Lalbehari
Das, SJ. Lalbehari
Das, SJ. Sudhir Chandra
Dey, SJ. Tarapada
Dutt, SJ. Probodh
Ghosal, SJ. Hemanta Kumar
Ghose, SJ. Bibhuti Bhushon

Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Nairni Kanta
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOE8-131.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman. The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharjee, Sj. Shyama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bljoyla!
Chatterje, Sj. Bljoyla!
Chatterje, Sj. Bijoyla!
Chatterje, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyay, Sj. Karai Lal (Dum Dum)
Das, Sj. Kanailai (Ausgram)
Das, Sj. Kanailai (Ausgram)
Das, Sj. Karai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Magendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kjran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutt, Dr. Beni Chandra
Singh Gayen, Sj. Brindaban

Chose, SJ. Kshitish Chandra
Chosh, SJ. Bejoy Kumar
Chosh, SJ. Tarun Kanti
Chosh Maulik, SJ. Satyendra Chandra
Ciasuddin, Janab Md.
Colam Hamidur Rahman, Janab
Goswamy, SJ. Bijoy Gopal
Cupta, SJ. Nikunja Behari
Haldar, SJ. Nikunja Behari
Haldar, SJ. Lose
Hansda, SJ. Jagadish Chandra
Hansda, SJ. Jagatpati
Hansda, SJ. Lose
Hazra, SJ. Amrita Lal
Hazra, SJ. Parbati
Hembram, SJ. Kamala Kanta
Jalan. The Hon'ble Iswar Das
Jana, SJ. Prablr Chandra
Jha, SJ. Pashu Pati
Kar, SJ. Sassdhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, SJ. Jitendra Nath
Let, SJ. Panchanon
Lutfai Hoque, Janab
Mahata, SJ. Mahendra Nath
Maitt, SJ. Mahendra Nath
Maitt, SJ. Malendra
Maiti, SJ. Mishapati
Mal, SJ. Bassanta Kumar
Mandal, SJ. Manendra
Maziruddin Ahmed, Janab
Misra, SJ. Sowrindra Mohan

Mitra, Sj. Sankar Prasad Modak, 8j. Niranjan Mohammad Hossain, Dr. Mohammed Israil, Janab Mojumder, 8j. Jagannath Mondal, 8j. Baidyanath Mondal, SJ. Dhajadhari Mondal, SJ. Rajkrishna Mondal, SJ. Sishuram Mondal, SJ. Sudhir Mondi, SJ. Sudhir Moni, SJ. Dintaran Mukharji, The Hon'ble Dr. Amulyadhan Mukherjee, Sj. Ananda Gopal Mukherjee, Sj. Kall Mukherjee, Sj. Shambhu Charan Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, Sj. Pijush Kanti Mukhopadhyay, Sjkta. Purabi Mukhopadhyaya, Sj. Phanindranath Munda, Sj. Antoni Topno Murmu, SJ. Jadu Nath Naskar, SJ. Ardhendu Sekhar Naskar, The Hon'ble Hemchandra Pal, Dr. Radhakrishna Panigrahi, Sj. Basanta Kumar Panja, The Hon'ble Jadabendra Nath Paul, Si. Suresh Chandra Pramanik, SJ. Mrityunjoy Pramanik, SJ. Tarapada Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Rai, Sj. Shiva Kumar

Raikut, Sj. Sarojendra Deb Ray, 8j. Jajneswar Ray, The Hon'ble Renuka Roy, Sj. Bhakta Chandra Roy, The Hon'ble Dr. Bidhan Chandra Roy, 8). Biswanath Roy, Sj. Prafulla Chandra Roy, The Hon'ble Radhagobinda Roy, Sj. Ramhari Roy, Sj. Surendra Nath Saha, Dr. Sisir Kumar Santal, Sj. Baidya Nath Saren, Sj. Manga! Chandra Sen, Sj. Bijesh Chandra Sen, Sj. Narendra Nath Sen, Sj. Priya Ranjan Sen Gupta, Sj. Gonika Bilas Sharma, Sj. Joynarayan Shaw, Sj. Kripa Sindhu Shaw, SJ. Mahitosh Sikder, SJ. Rabindra Nath Singh, SJ. Ram Lagan Tafazzal Hossain, Janab Tarkatırtha, Sj. Bımalananda Tripathi, Sj. Hrishikesh Trivedi, SJ. Goalbadan Wangdi, Sj. Tenzing Yeakub Hossain, Janab Md. Zainal Abedin, Janab Kazi Zaman, Janab A. M. A.

The Ayes being 53 and the Noes 131 the motion was lost.

The motion of Sj. Tarapada Dey that clause 16(1)(b) be omitted was then put and lost.

The motion of S_J. Balailal Das Mahapatra that the proviso to clause16(2), be omitted, was then put and a division taken with the following result:—

AYE8-53.

Baguli, Sj. Haripada Banerjee, Sj. Biren Banerjee, Sj. Subodh Basu, Sj. Ajit Kumar Basu, Sj. Amarendra Nath Basu, Sj. Hemanta Kumar Bera, Sj. Sasabındu Bhandari, 8j. Sudhir Chandra Bhattacharjya, Sj. Mrigenda Bhattacharya, Dr. Kanailal Bhowmick, Sj. Kanai Lal Bose, Dr. Atindra Nath Chakrabarty, Sj. Ambica Chatterjee, Sj. Haripada Chatterjee, Dr. Hirendra Kumar Chaudhury, Sj. Jnanendra Kumar Choudhury, Sj. Subodh Chowdhury, Sj. Benoy Krishna Dai, Sj. Amulya Charan Dalui, Sj. Nagendra Das, Sj. Lalbehari Das, Sj. Nateridra Nath Das, Sj. Sudhir Chandra Dey, Sj. Tarapada Dutt, Sj. Probodh Ghosal, SJ. Hemanta Kumar Ghose, SJ. Bibhuti Bhushon

Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah) Chosh, Sj. Amulya Ratan Ghosh, Sj. Ganesh Ghosh, S). Jatish (Ghatal) Ghosh, Sj. Warendra Nath Haldar, Sj. Nalini Kanta Joarder, Sj. Jyotish Kar, Sj. Dhananjoy Khan, Sj. Madan Mohon Kuar, Sj. Gangapada Mahapatra, SJ. Balailal Das Mondal, Sj. Bijoy Bhuson Mukherji, 8j. Bankim Mullick Chowdhury, SJ. Suhrid Kumar Pramanik, SJ. Surendra Nath Ray, Dr. Narayan Chandra Ray, Chaudhuri Sl. Sudhir Chandra Ray, SJ. Jyotish Chandra (Falta) Roy, SJ. Provash Chandra Sen Si. Saroi Seni Sj. Madan Mohon Saha Dr. Saurendra Nath Sarkar, Si. Dharani Dhar Satpathi, Dr. Krishna Chandra Sinha, Sj. Lalit Kumar Tah. Sl. Dasarathi

NOE8-131.

Abdul Hameed, Janab Hajee Sk. Abdullah, Janab S. M. Abdus Shokur, Janab Abul Hashem, Janab Bandyopadhyay, Sj. Smarajit Banerjee, Sj. Profulia Banerjee, Dr. Srikumar Barman. The Hon'ble Syama Prasad Basu, Dr. Jatindra Nath
Basu, SJ. Satindra Nath
Beri, SJ. Dayaram
Bhagat, SJ. Mangaldas
Bhattacharjee, SJ. Shyamapada Bhattacharyya, Sj. Syama Biswas, Sj. Raghunandan Bose, Dr. Maitreyee Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni Das, SJ. Banamali Das, SJ. Bhusan Chandra Das, SJ. Kanailai (Ausgram) Das, SJ. Kanai Lai (Dum Dum) Das Adhikary, SJ. Gopal Chandra Das Gupta, The Hon'ble Khagendra Nath Dey, SJ. Haridas Dhar, The Hon'ble Dr. Jiban Ratan Digar, Sj. Kiran Chandra
Dutt. Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh Gayen, 8j. Brindaban Ghose, 8j. Kshitish Chandra Ghosh, Sj. Bejoy Kumar Ghosh, Sj. Tarun Kanti Ghosh Maulik, Sj. Satyendra Chandra Giasuddin, Janab Md. Golam Hamidur Rahman, Janab Goswamy, Sj. Bijoy Gopal Gupta, Sj. Jogesh Chandra Gupta, Sj. Nikunja Behari Haldar, SJ. Kuber Chand Halder, SJ. Jagadish Chandra Hansda, Sj. Jagatpati Hansdah, Sj. Bhusan Hasda, Sj. Lakshan Chandra Hasda, Sj. Loso Hazra, Sj. Amrita Lal Hazra, Sj. Parbati Hembram, SJ. Kamala Kanta Jalan. The Hon'ble Iswar Das Jana, Sj. Prabir Chandra Jha, Sj. Pashu Pati Kar, Sj. Sasadhar Kazım Ali Meerza, Janab Lahiri, Sj. Jitendra Nath Let, Sj. Panchanon Lutfal Hoque, Janab Mahata, Sj. Mahendra Nath Maiti, 5), manishura n. Maiti, 8]kta. Abha Maiti, 8]. Pulin Behari Ma]hi. 8J. Nishapati Mal, 8J. Basanta Kumar

Fandal, Sj. Annada Prasad Mandal, Sj. Umesh Chandra Maziruddin Ahmed, Janab Misra, SJ. Sowrindra Mohan Mitra, SJ. Sankar Prasad Modak, SJ. Niranjan Mohammad Hossain, Dr. Mohammed Israil, Janab Mojumder, Sj. Jagannath Mondal, Sj. Baidyanath Mondal, SJ. Baldyanath
Mondal, SJ. Dhajadhari
Mondal, SJ. Rajkrishna
Mondal, SJ. Sishuram
Mondal, SJ. Sudhir
Moni, SJ. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukharjee, SJ. Analia Gopal Mukherjee, Sj. Kali Mukherjee, Sj. Shambhu Charan Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, Sj. Pijush Kanti Mukhopadhyay, Sikta, Purabi Mukhopadhyaya, Sj. Phanindranath Munda, Sj. Antoni Topno Murmu, Sj. Jadu Nath Naskar, Sj. Ardhendu Sekhar Naskar, The Hon'ble Hemohandra Pal, Dr. Radhakrishna Panigrahi, Sj. Basanta Kumar Panja, The Hon'ble Jadabendra Nath Paul, Sj. Suresh Chandra Pramanik, SJ. Mrityunjoy Pramanik, SJ. Tarapada Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Rai, Sj. Shiva Kumar Raikut, Sj. Sarojendra Deb Ray, 8). Jajneswar Ray, The Hon'ble Renuka Roy, 8). Bhakta Chandra Roy, The Hon'ble Dr. Bidhan Chandra Roy, Sj. Biswanath Roy, Sj. Prafulla Chandra Roy, The Hon'ble Radhagobinda Roy, Sj. Ramhari Roy, Sj. Surendra Nath Saha, Dr. Sisir Kumar Santal, SJ. Baldya Nath Saren, SJ. Mangal Chandra Sen, SJ. Bijesh Chandra Sen, Sj. Bijesh Chandra Sen, Sj. Narendra Nath Sen, Sj. Priya Ranjan Sen Gupta, Sj. Gopika Blias Sharma, Sj. Joynarayan Shaw, Sj. Kripa Sindhu Shaw, Sj. Mahitosh Sikder, Sj. Rabindra Nath Singh, Sj. Ram Lagan Tafazzai Hossain, Janab Tarkatırtha, Sj. Bimalananda Tripathi, Sj. Hrishikesh Trivedi, Sj. Goalbadan Wangdi, Sj. Tenzing Yeakub Hossain, Janab Md. Zamal Abedin, Janab Kazi Zaman, Janab A. M. A.

The Ayes being 53 and the Noes 131 the motion was lost.

The question that clause 16, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clouse 17

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18

8j. Madan Mohon Khan: Sir, I beg to move that in clause 18, line 3, for the words "prescribed authority" the words "Gram Panchayat and forward a notice to the prescribed authority" be substituted.

I do not want to speak on it.

8j. Cangapada Kuar: I beg to move that in clause 18, line 3, for the words "prescribed authority" the words "Gram Panchayat" be substituted.

I also beg to move that in clause 18, line 4, for the words "said authority" the words "Gram Panchayat" be substituted.

8j. Balailal Das Mahapatra: I beg to move that in clause 18, line 4, for the word "authority" the word "Panchayat" be substituted.

8j. Cangapada Kuar:

মাননীয় স্পীকার মহোদয়, কুজ ১৮তে বলা হয়েছে যে. যখন অধাক্ষ বা উপাধাক্ষ বা যে কোন গ্রাম পঞ্চায়েতের মেম্বর পদত্যাগ করবার ইচ্ছা প্রকাশ করবেন, তথন তাদের পদত্যাগপত্র প্রেসক্তাইবড অর্থারিটির কাছে দিতে হবে এবং প্রেসক্তাইবড অর্থারিটি সেটা গ্রহণ করলে সেই সীট ভেকেটেড হবে। আমি এখানে বলতে চাইছি যে, কোন মেন্বর বা অধাক্ষ বা উপাধ্যক্ষ তারা যখন পদত্যাগ করবেন সেই পদত্যাগ পত্ত সংশিল্পট পণ্ডায়েত গ্রহণ করবেন এবং পদত্যাগ পত্রও গ্রাম পঞ্চায়েতের কাছেই পেশ করতে হবে। কারণ, যত গণ সংস্থা রয়েছে তার প্রত্যেকটির ক্ষেত্রে বা অধিকাংশ ক্ষেত্রে এই নিয়ম পালিত হয়। অধ্যক্ষ বা উপাধাক্ষ সরাসরিভাবে গ্রাম পঞ্জায়েতের কাছে তাঁদের কাজের জনা দায়ী থাকেন এবং আমি এর পূর্বে ১৪ নং কুজের আলোচনার সময় বলেছিলাম যে, সরাসরিভাবে তাঁরা গ্রাম পঞ্চায়েতের সদসাদের দ্বারা নির্বাচিত হবেন এবং সেই জন্য আবার বলছি যে, তাঁদের পদত্যাগ পত্র গ্রহণ করবার আধিকারী সেই গ্রাম পণ্ডায়েতেই হবেন, সেখানে সরকারের কোন প্রেসক্রাইবড অর্থার্রাটর কর্তৃত্ব করতে যাওয়া ঠিক হবে না। এই বিধান যদি না রাখা হয়, তাহলে আমরা মনে করব যে, এর দ্বারা সরকার কর্তক পশ্যায়েতের উপর অযথা কর্তৃত্ব প্রয়োগ করা হবে এবং গণতল্ডের সমাধি রচনা করা হবে। তাই আমার এই যে দুটি সংশোধন প্রস্তাব রয়েছে তার মধ্যে রয়েছে যে, যেখানে প্রেসক্রাইবড অর্থারিটি কথাটা বলা হয়েছে, সেই জায়গায় গ্রাম পণ্ডায়েতের কথা বলেছি। গ্রাম পণ্ডায়েত তাদের যে কোন মেন্বরের বা অধাক্ষ উপাধাক্ষের পদত্যাগপত গ্রহণ করতে পারবেন এই মর্মে

Sj. Balailal Das Mahapatra:

মিঃ দপীকার, সার, খড়গপ্রেক রেলগ্রমিকদের উপর প্রালিসী জ্লুমের আলোচনা প্রসঞ্চের কংগ্রেসী তরফ থেকে যে ভদুলোক বললেন তাতে তাঁর বস্কৃতার সারমর্ম হ'ল এই যে, কিছ্বসংখাক গ্রমিক ধর্মঘটে যোগ না দিয়ে যখন কাজ কবতে যাছিল তখন ধর্মঘটী গ্রমিকরা তাদের বাধা দিয়েছে। তিনি এটাকে খ্র লক্জার কথা বললেন। কিন্তু বোঝা গেল না যে, এই ঘটনার সংগ্গ প্লিসী অতাাচারের কি সম্পর্ক আছে। এ ছাড়া বিরোধী পক্ষের একজন সদস্য একদিক থেকে প্রকারান্তরে প্রালিসের সাফাই গেয়ে গেলেন এবং তিনি নিন্দা করলেন রেলকর্মচারী, গ্রমিকদের এই ব'লে যে, তাঁদের কাজের ফলে নাকি বাংলাদেশের মৃথে চুনকালি পড়েছে। প্রথমেই ব'লে রাখি, রেল শ্রমিকদের যে কাজকে সকলে গহিতি ব'লে নিন্দা করছেন তাকে আমি নিন্দা করি না; কারণ আমি তা অনাায় ব'লে মনে করি না। তাতে বাংলাদেশের ম্থে চুনকালি পড়েছে তাও আমি মনে করি না। আমার বস্তুবা হচ্ছে এই যে, শ্রমিক যথন এইরকম কাজ করে তখন সে সেই কাজ করতে বাধা হয়েই করে, সথ ক'রে করে না। আপনারা যখন সামাজিক ঘটনার বাহাক প্রকাশটা দেখে তার বিচার করতে বসেন, ঘটনার মৃল কারণ অনুধাবন করেন না। একে সমস্যা বিচার বলে না, বলে

swimming with the current on the surface

যজাপুনের বেলওয়ের কর্মচারীরা শ্রমিকবা কোনদিন এই কাজ করে নি: সেদিন কেন করল? দিল্লীর রেলকর্মচারী শ্রমিকরা কেন এই কাজ করতে বাধ্য হয়? কালকার রেলকর্মচারী শ্রমিকরা কেন এই কাজ করতে বাধ্য হয়? কালকার রেলকর্মচারী শ্রমিকরা কেন এই ঘর্মঘটের পথ ধবতে বাধা হয়? এখানে আপনারা কেউ তো বললেন না যে, রেলকর্তৃপক্ষের হৃদয়হানীন বাবহার এব জন্য দায়ী; কেউ তো বললেন না যে, রুতৃপক্ষের শ্রমিকরা বার্রাককাপ রেলশ্রমিক কর্মচারীদের মনে হতাশা এনে দিয়েছে; কেউ তো দেখালেন না যে, প্রামিকরা আপ্রাণ চেন্টা করেছে নিয়মতান্তিক পন্ধায় তাদের দাবী আদায়ের জন্য তারপর বার বার বার্মাহরে তারা এই পথ গ্রহণ করতে বাধ্য হয়েছে? প্রতি পদে বার্থা হয়ে দাবী আদায়ের পথ না দেখে তারা এই পথ গ্রহণ করতে বাধ্য হয়ে এই কাজ করেছে। স্কুতরাং যদি কাউকে নিন্দা করতে হয় তা হ'লে আমি সেজনা শ্রমিক শ্রেণীকৈ নিন্দা করক না, নিন্দা করব সেই সরকারকে যার শ্রমিক বিরোধী নীতির জন্য মান্য এইরকমভাবে ক্ষিণত হয়ে উঠতে বাধ্য হয়; যারা শ্রমিকদের নিন্দা করেন এবং মনে করেন যে, এইজন্য বাংলার মুখে কালি পড়ে গ্রেছে, আমি বলব যে, তাঁরা ঘটনার বিচার করতে শেকেন নি; তাঁরা পল্লবগ্রাহিতার দোষে দৃষ্ট। তাঁরা প্রতা বান যে, একটা পিপড়েকে যদি অনবরত খেটান যার তা হ'লে সেও কামড়ে দেয়। সেখানে

মানুষ তো সর্ব'দরি দিয়ে অন্যায়ের প্রতিবাদ করবেই। সরকার যদি মেছনতী মানুষকে তিলে তিলে মেরে ফেলতে চান তা হ'লে সেই মুম্র' মান্য মরার আগে একবার কামড়াবার চেন্টা করবেই। অন্যলোকে শোষিত অত্যাচারিত মানুষের সে প্রতিবাদকে কিভাবে দেখেন তা **আমি** জানি না. তবে আমি তাকে নমস্কার করি, তাকে অভিনন্দন জানাই। ১৩৫০ সালের মন্বন্তরে সাধারণ মান্যের গর, ছাগলের মত মরাকে আমি প্রশংসা করতে পারি না। রাস্তায় না থেতে পেয়ে কুকুর বেড়ালের মত মরার আগে যদি তারা শোষক শাসক শ্রেণীকে আঘাত দিয়ে মরত তা হ'লে মনুষ্যত্বের জয়গান পেয়ে যেত। ইতিহাসে তারা অমর হয়ে থাকত। সূত্রাং ২৬ তারিখের ঘটনাকে কেন্দ্র ক'রে যাঁরা সমসত দোষকে শ্রামকদের ঘাড়ে চাপতে যাচ্ছেন আমি তাদের তার নিন্দা করি: আমি তাঁদের ধনিক শ্রেণার দালাল ব'লে মনে করি। তা ছাড়াও আমার জিজ্ঞাসা, ২৬ তারিথের ঘটনার আগে পর্বালস কেন সেখানে অত্যাচার করল? এখানে কেউ কেউ বলেছেন যে, পর্লিস কোন অত্যাচার সেখানে করে নি, কিন্তু আমাদের কাছে ষে প্রমাণ আছে তা থেকে আমরা দেখছি যে, পর্নালস সেখানে অত্যাচার করেছে। আমি জিজ্ঞাসা করব, যেখানে সন্দেহের অবকাশ আছে সেখানে অনুসন্ধান করতে আপত্তি কি আছে? সতেরাং অন্সন্ধান হোক এবং তা থেকে প্রমাণিত হয় যে, আমাদের অভিযোগ অসতা তা হ'লে যে কোন সাজা আমি মাথা পেতে নিতে রাজী আছি। কিন্তু যদি প্রমাণ হয় যে, সেখানে প্রিলসী জ্লাম হয়েছে তা হ'লে সরকার পক্ষ কি রাজী আছেন পদতাাগ করতে? অন্সম্পানে কোন আপত্তি থাকতে পারে না। এনকোয়ারি হোক, সমুস্ত দলের প্রতিনিধি নিয়ে অন্সেম্ধান হয়ে দেখা যাক যে, পর্লিস সেখানে অত্যাচার করেছে কিনা এবং পর্নলস যদি অত্যাচার করে থাকে তা হ'লে তাকে সাজা দিতেই হবে। আমার কাছে যেসব প্রমাণ আছে তাতে খলপুরে যে অমান্ষিক প্লিসী অত্যাচার হয়েছে সেখানে যে অকথ্য বর্বর রাজত্ব চলোছল তাতে কোন সন্দেহ নেই। সরকার পক্ষ বলৈছেন-এসব কিছ্ হয় নি। এই বিরোধী এয়াসারসনএর সত্যাসতা নির্ধারণের জন্য অনুসন্ধানের দরকার। এই প্রসঙ্গে একজন সদস্য গ্রুভাদের কথা তুলেছেন এবং বলেছেন যে, থঙ্গাপারে এদের জন্য স্থালোকেরা বাসতা দিয়ে একাকী যেতে পারে না। কিন্তু মনে রাথা দরকার যে, এইসব গ্রন্ডাদের কোন জাত নেই, এদের জাত-গ্রন্ডার काठ। এরা বাঙালী বা তেলেগ্নয়, এরা হিন্দ্ বা ম্সলমান নয়—এরা গ্রতা। এই গশ্ভার জাতকে প্রিলস প্রশ্রয় দিয়েছে। প্রিলস তাদের প্ররোচিত করেছে এমন ধরনের কাজ করতে যাতে সাধারণ শ্রমিককে দোষের মধ্যে জডিয়ে দেওয়া যায। স**ৃতরাং যাঁরা এই সত্য না লেখে খলাপ্ররের ঘটনাকে প্রা**দেশিক রূপ দিতে চান, তাঁরা অত্যাচারের বির্দেধ সাধাবণ মা**ন্যের** সংগ্রামী ঐকাবন্ধতাকে ভেঙে দিতে চান এবং এইভাবে তাঁরা ধানক শোষকশ্রেণীকে সমর্থন করেন। সেজনা আমি বলব যে, খ্জাপুরে সম্বন্ধে যেসমস্ত প্রস্পর্বার্রাধী কথা বলা হচ্ছে তা থেকে সত্য ছেকে বের করতে হ'লে বেসরকারী তদন্তের প্রয়োজন।

13-20-3-30 p.m.]

81. Madan Mohon Khan:

মাননীয় দ্পীকার মহোদয়, আমাদের সদস্যের বির্দেখ যে অভিযোগ উত্থাপন করা হয়েছে ব
তার আমি তীর প্রতিবাদ করি। বলা হয়েছে যে, তিনি খড়গপ্রে প্রলিসকে সাপোট করে
বলেছেন। এটা মোটেই সত্য নর, বরণ্ড ১৯০০ সাল থেকে ব্রিটণ গভর্নমেন্টের আমল থেকেই
আমরা সেই বিদেশী সরকারের বির্দেখ লড়েছি এবং পরপর তিনটি ব্রিটণ ম্যাভিস্টেটকে
গ্রালী ক'রে মারা হয়েছিল। এইসব ঐতিহা আমাদের আছে। ব্রিটণ আমলে কারখানার কাজে
তাই আমাদের উপযুক্ত সংখ্যায় নেওয়া হ'ত না। তারাই আইন করে গিয়েছিল যার ফলে
কারখানাগ্রলিতে বাঙালীর ছেলে চাকরী পেত না, সমস্ত বাইরের লোক এসে চাকরী পেত।
আজও সেই আইন সেখানে চলে আসছে। আজ বাঙলায় এই বিগেস্ট কারখানা থাকা সন্তেও
মেদিনীপ্রের কোন ছেলে কাজ পাছে না। মেদিনীপ্রের ছেলেরা কি অকর্মণা যে তারা
ভালভাবে পাশ করা সত্ত্বেও কাজ পাছে হা। সেখানে আমাদের কৃষ্ণকন্দ্র বাব্ যে কথা বলকে
চেয়েছেন তাতে তিনি কোথাও প্রকাশ করেন নি যে, এনকোয়ারি বন্ধ করা হোক। এনকোয়ারি
করা হোক কেন শ্বাইক হয়েছে, কেন বাঙালী কারখানার চাকরীতে স্থান পাছে না এটাও দেখা
হোক। আমি গত করেকদিন প্রে বিধানস্ভার প্রতিটি সদস্যকে ও মাননীর প্রধানমন্ত্রীকে

মেদিনীপুরের বেকার ছেলেদের উপযুক্ত চাকরীর বাবস্থা করতে আবেদন করেছি ও স্থানীর কারখানার উধর্তিন কর্মাচারীরা কিভাবে বাংলাদেশের বাহির হইতে লোক আনিয়া ঘাংলার লোকদের বাদ দিতেছেন তাহাও অনুসন্ধান করা হোক।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়, খড়গপ্রেএ গত মে মাসে প্রিলস যে বিভাঁষিকার রাজত্ব স্থিত করেছিল তার নিন্দা কবার ভাষা নেই। সেখানে যে স্থাইক হয়েছিল তার একটা দাবী ছিল সেটা মিঃ কাপ্র কেন মেটান নি যার জনো শেষ পর্যাহত গোলমালের স্থিত হয়। তার জনো দারী কে সেটা জানা দরকার। তারা বলবেন টেন দ্যুটনা হয়েছিল। আমি মনে করি যেখানে যেখানে বিশৃংখলা ঘটেছিল সেখানে মালিকের এজেন্টরাই যে গোলমালের স্থিত করেন নি, তার প্রমাণ কি? আমি মনে করি ২২এ থেকে ২৫এ পর্যাহত যে অভ্যাচার হ'ল সেটা কংগ্রেস গভর্নামেন্টের পক্ষে কলন্দেইর কথা। সেখানে যা ঘটেছিল তা কোন সভা দেশে ঘটে না। সেখানে বিভীষিকার রাজত্ব স্থিত করা হয়েছিল, শিশ্ব-বৃদ্ধ নিবিশেষে মার্রিপিট, গ্রেশ্ভার করা হয়েছিল। আমার সন্দেহ হয় ডাঃ রায় এর পিছনে আছেন কিনা। প্রালস যে অভ্যাচার করল.....

[Disturbances and noise.]

কা**লকে** শ্রীদেশম্থ যে স্টেটমেন্ট দিয়েছেন প্রধানমন্ত্রীমহাশয় সম্পকে তার একটা **লাইন পড়ে** শ্নাব।

Mr. Speaker: Why do you bring in irrelevant matters?

Sj. Balailal Das Mahapatra:

তিনি বলেছেন এরপে প্রমাণ মাছে যে, বোদ্বাইএর মুখ্যেন্ত্রী পুলিসকে লোক দেখা<mark>মাত্</mark>ত গুলী করবাৰ এবং হত্য কৰৰৰ জন্য গুলী কৰবার নিদেশ দিয়েছিলেন। দুগীলোক বালক-বালিকাগণ ভয়ে বর্তির হয়ে আসতেই তাদের মিবিশেষে গুলী করা হবে। প্রালম ইচ্ছা করে টিয়ার গ্রাস ব্যবহার করেছেন এবং ২৫২ রাউন্ড টাম গ্রান থেকে গ্রালী চালিয়েছিল এবং ভাতে বহা ইতাহত হয়। এবকম কাজ করা কংগ্রেম স্বকারের কিতানীমন্তিক ব্যাপার। বিভিন্ন জাষপায় এটা আমৰা দেখতে পাই। আজু যেটা বোদৰ ইয়ে হয়েছে, ভার পুনরাবৃত্তি খ্যাপ্রবে দেখলাম। সেখানে ৮ই মে যে স্টাইক হ'ল সেখানে গভর্মানট কেন ইস্ত**েছি**প করেন নি। প্রমিকদের দাবী নদ্যসংগ্রুছিল কিনা হা দেখা হ'ল না কেন্ হংগ্রেসের সেখানে নাকি যথেণ্ট প্রভাব খাছে ও হ'লে সেই প্রভাব কেন যে চি-তা করা হ'ল না তা ব্যক্তি না। শ্রমিকদের দাবনি পিছনে দাঁওন উচিত ছিল এবং সেই দাবী মেটানর জনো ম্থাম**লীর** সেখানে ছাটে গিয়ে দাঁডান উচিত ছিল। আজু আমবা দাবী কর্বছি বেসরকারী তদ্ধত ক্ষিশন গঠন করা হোক। আমাদের নায়সংগত প্রসতার এই : আমরা বলছি, বিধানসভার বিভিন্ন পার্টি শাধ্য কমিউনিস্ট পার্টি, আর-এস-পি, এর ফরওযার্ড রক থেকে নয় প্রত্যেক দলের প্রতিনিধি নিয়ে কমিশন গঠন কবতে চাইছি। কেন সেখানে মশাণিত হ'ল, ১৪৪ ধারা **জারী** করা কেন হ'ল তা দেখা দরকার। অথবা যদি এখান থেকে নিদেশি না যায় অথচ প্রালস যদি অত্যাচার কবে থাকে তারও ৬৮৮৩ হওয়া দরকার। সেজনো আমি এই প্রস্তা**রকে** স্বান্তকরণে সমর্থন কর্ছি এবং বেস্বকারী তদন্তর উপর বিশেষভাবে জোর দিছি। কার্ প्रािनम मााकि एप्रेटोत विठात यथात इस रमधात एथा यास ममन्ड चरेनाई छेनटि भानटि एएछ। এরকম ভূরি ভূরি প্রমাণ আছে। তাই বলব কংগ্রেস যদি নির্দোষী হন সেটা বেসরকারী তদন্তের মারফং প্রমাণ কর্ম।

Sj. Bankim Mukharji:

মাননীয় প্রীকার মহাশয়, এ বিষয়টি লোকসভার সপ্যে বিশেষভাবে শুড়িত যেহেতু এটা রেলওয়েএর ব্যাপার। কাজেই আমি এখানে বেলওয়ে ধর্মাঘট এবং সেই ধর্মাঘট কতথানি ন্যায়া তাই নিয়ে আলোচনা করতে চাইনে, কিংতু এই কথা সংখ্য সংখ্য মানতে হবে যে, বাংলাদেশের সরকার নিজে থেকে নয়, সেন্ট্রালি এ্যাড়মিনিন্টার্ড রেলওয়ে কর্তৃপক্ষ তাদের হুকুম দিয়েছেন

আর তারা সপো সপো তাদের ল এান্ড অর্ডারএর যে বাহিনী তা প্রয়োগ করেছেন। এইটে ডাঃ রায়কে খণ্ডন করতে হবে যে, তা নয়। আমি স্টাইক সম্বন্ধে যেতে চাই নে. কারণ সেটা হচ্ছে এ্যাডজ্ডিকেশন মেসিনারি ফেল করেছে এইটে ওয়ার্কারসদের বন্তব্য এবং যে বিবৃত্তি তাদের সম্বন্ধে দেওয়া হয়েছে তা ভল অর্থাৎ যে বিবৃতি লোকসভায় রেলওয়ে মন্ত্রী দিয়েছেন: কিন্ত একথা সবাই মানবেন যে, কোন ঘটনা ঘটে নি স্টাইকএর পর ৮।১০ দিনের মধ্যে, অর্থাৎ ৮ थिएक २५ शर्यन्ड अप्रन कान घरेना घरहे नि यार्ड प्रिथारन वाला अतकारतत अरहास्त्रन হয়েছিল এইভাবে হস্তক্ষেপ করা। যে মৃহ্তে কারখানা থেকে ধর্মঘট বাইরে ছডিয়ে পডে. সিগন্যাল ম্যান স্ট্রাইক করেন, তখন রেলওয়ে কর্তৃপক্ষ ব্যতিবাসত হয়ে পড়েন, স্ট্রাইক ব্যাপক আকার ধারণ করবে তাই বাংলা সরকারের শরণাপম হন এবং বাংলা সরকারও তৎক্ষণাৎ দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে সেখানে উপস্থিত হলেন, ১৪৪ ধারা এখানে প্রত্যেক জায়গায় ঘোষণা করা হয়। ডাঃ রায়কে দেখতে হবে ৮ তারিখ থেকে কি ঘটেছিল যার জন্যে এর প্রয়োজন হয়েছিল। আমরা বেসরকারী তদনত করতে যারা গিয়েছিল'ম বিভিন্ন এম এল এ এম পি ভারা দেখেছিলাম বাংলা সরকার যেদিন হস্তক্ষেপ করলেন সেদিন থেকেই অশাহিত্র শুরু হ'ল। তার পূর্বে রেলওয়ে কারখানার মধ্যে এবং বাইরে সাম্প্রদায়িক আগ্নুন প্রবলভাবে ছড়িয়ে দেওয়া হয়েছে, সেটা অবশ্য আমাদের এখানে আলোচনার কথা নয়। কিন্তু দুঃথের কথা প্রিস্পিস এসে প্রথম কাজ করলেন কি না তারা রেলওয়ে ইউনিয়ন ঘরে যারা শুয়োছল তাদের গ্রেণ্ডার করে আনা। এমনকি তাদের একটা কমিটি মিটিং ডাকা হয়েছিল এবং তাতে যেসমুহত এক্সিকিউটিভ মেম্বারস যোগদানের জন। বাইবে থেকে আগেব রারে এসেছিলেন ছারাও রাতে ইউনিয়ন অফিসএ নিদিত ছিলেন, সকালবেলায় তাদের গ্রে॰তাব করে নিয়ে ষাওয়া হয়। তাঁদের বিরুদ্ধে কোন অভিযোগ বাংলা সরকারের কাছে আছে কি? তার চেয়েও ভয়ানক ব্যাপার আমাদের পার্টির সেখানকার বিশিষ্ট কমী নাবায়ণ চোরে, এবং দিবজেন চক্তবভী যারা বিশেষভাবে শান্তি রক্ষার্থে অর্থাৎ যাতে কোন সম্প্রদায়িক গোলমাল না হয় তার জন্য চেন্টা করছিলেন, রাস্তায় বাস্তায় মিটিং করে এমন একটা স্কুনরভাবের স্টিট করেছিলেন যাতে রাস্তার লোক তাদের ব্বকে ধবে আলিখ্যন করে তাদেবও পর্যন্ত গ্রেপ্তাব করাহ'ল।

[330-340 p.m.]

এমন কি তাদের একটা কমিটি মিটিং ডাকা হয়েছিল এবং অন্য স্থান থেকে যেসমুসত একজি-কিউটিভ কমিটির মেন্বরেরা উপস্থিত হয়েছিল, যাবা আগের রাতে এসেছিল এবং সন্ধাবেলা মিটিং ক'রে রাগ্রিতে ইউনিয়ন অফিসে ঘুমাচ্ছিল তাদেব সকালবেলা গ্রেণ্ডার করা হয়েছে। কিসের জনা? তাদের বিরুদেধ কোন অভিযোগ কি বাংলা সরকারের কাছে আছে ^২ তার চেয়েও ভয়ানক বাাপার! আমাদেব পার্টির সেখানকার বিশিষ্ট কর্মী নাবায়ণ চোবে এবং বীরেন চক্রবতী তারা বিশেষভাবে থজাপুরে শান্তিবক্ষার জন্য এবং ঐ সম্পর্কে যাতে গোলমাল না হয় কেননা, কিছু লোক কাজে যাচ্ছে, কিছু যাচ্ছে না ক'জেই সেইরকম অবস্থায় শাস্তি যাতে থাকে সেজনা রাস্তায় রাস্তায় মিটিং ক'রে এমন একটা আবহাওয়ার স্থাতি করেছিল যে. লোক বেরিয়ে এসে তাদের বাকে জড়িয়ে ধরে আলিপান করেছিল, সেইরকম লোককে সিকিউরিটি এ।াক্টে ধরা হয়। কি অপবাধে ? না, তারা শান্তির বাণী প্রচার কর্বেছিল ; আর কি অপরাধে? না তারা চেণ্টা করেছিল যে সাম্প্রদায়িক কোন সংঘর্ষ যেন না হয়। তা হ'**লে** এইটাই কি সরকারের মনোভাব যে, কোন লোক যদি শান্তির জনা বা গোলমাল না হওয়ার জনা কাজ করে তাঁরা হবেন সরকারের চোথে শত্র এবং যাঁরা সাম্প্রদায়িক উদ্কানি দেন এবং দাপ্যা বাধাবার জনা চেণ্টা করেন তারাই হচ্ছেন এদের মিত্র, অর্থাৎ গ্রন্ডার দল এ'দের মিত্র? সেইজনাই বোধহয় এইসমুহত লোককে ধরা হ'ল। তথনও কিছু নয়; কিন্তু যখন লোক দ্রেরবেলা খেতে বসেছে সেই সময় তাদের বাড়ীঘরের উপর চড়াও হয়ে আক্রমণ করা হয় মেইদিন প্রথম উম্কানি বাংলা সরকার দেন। তার পরের দিন যথন স্ক্রীলোকদের উপর অভাচার হয় যেকথা প্রে'ব বজারা বিশ্বভাবে ধর্ণনা ক'রে গেছেন সেই অভাচার যথন হয়েছিল তথন নিশ্চয়ই জনসাধারণ ক্ষিণ্ড হয়ে উঠত পারত। তাদের তথনকার কার্যকলাপে তাদের খুব বেশি দোষ দেওয়া ষেত না। এমন কি ৮০ বছরের বৃন্ধা, তারও সাক্ষ্য নিরেছি, তিনিও আহতা; তাঁদেরও ধরা হয়েছিল। আর সবচেয়ে সাংঘাতিক কথা যে, এইসমস্ত

মেরেদের নানারকম চার্জ দিয়ে প্রলিস গ্রেণ্ডার ক'রে নিয়ে যায় এবং তার পরে ছেড়ে দের। আমরা জিজ্ঞাসা করি যে, কেন গ্রেণ্ডার করা হয়েছিল এবং কেন ছেড়ে দেওয়া হয়েছিল? আমাদের দেশে স্তীলোকদের সম্বন্ধে একটা বিশেষ রকম ধারণা আছে যে, তাদের যতদরে সম্ভব নির্যাতনের মধ্যে না নিয়ে আসা। যদি এমন হ'ত যে, এই স্ক্রীলোক অতাণ্ড অপরাধী, অবশ্য সেখানে গভর্নমেন্টের পক্ষে তাকে গ্রেণ্ডার করা ছাড়া উপায় নাই। কিন্তু **এক্ষেত্রে** আমরা দেখি, যতগলো স্তালোককে ধরা হয়েছিল তাদের প্রভোককে ছেডে দেওয়া **হয়েছে।** তা হ'লে তার মানে হচ্ছে যে, অত্যন্ত সামান্যতম হৈত বা কারণ না থাকা সত্তেও এই স্ফাঁলোক-দের ধরে নিয়ে যাওয়া হয়েছিল। আমার এখানে বস্তব্য যে, তারা বিশেষভাবে অপরাধী ব'লে ষদি প্রলিসের কাছে বিশেষ প্রমাণ থাকত তবে সেই স্তালোকদের গ্রেণ্ডার কর্ন, কিন্তু এখানে দেখা যাচ্ছে যে, ইনডিসক্রিমিনেটভাবে গ্রেপ্তার করা হয়েছে। কিম্তু তারপর এ**কটি** শ্বীলোকের বির্মেণ্ড কেস চাল, করা হয় নি। এইটিই গভন মেন্টের নিজের পক্ষে সেলফ-কনডেমনেশন যে কেন তাঁরা এইসমুহত স্ত্রীলোককে ধরে নিয়ে গিয়েছিলেন। **এইভাবে ধরে** নিয়ে যাবার পর যদি দেশের জনসাধারণের স্ত্রীলোকদের প্রতি একটা গভীর **আম্থা, প্রীতি** এবং শ্রম্পা আছে বলৈ ক্ষিণ্ড হয়ে ওঠে তা হলৈ সে বিষয়ে কিছু বলৈ বা তাই নিয়ে আলোচনা ক'রে লাভ নাই। আমার বন্তবা হচ্ছে যে, খলপুরের এই কার্যের জন্য প্রধানত দারী রেলওয়ে এ্যাডমিনিস্ট্রেশন যাদের ভিতর একটা কঠোর প্রিলসী মনোভাব এবং একটা অন্যানীয় মনোভাব বিদামান ছিল যার জনা তাঁরা আইনকৈ প্রাণ্ড স্বীকার করতে চান না. সেইপ্রকার যত বারোক্রাট আমলাবা তাদের বাংলাদেশে শারেস্তা না ক'রে বাংলাদেশের সরকার তাদের প্রশ্রয় দিয়ে শ্রমিকের বিরুদ্ধে যদি উদ্কানি না দিতেন তা হ'লে থঙ্গপরে এই অশাদিত হাত না। আমার ধারণা এ বিষয়ে বাংলাদেশের গভনামেন্টের দায়িত অতান্ত বেশী। কেন্দ্রীর সরকারের কাবও ব্যাক এয়ান্ড কল পেলেই তাঁবা পাগলের মত ছাট্রেন এবং তাঁদের কথা দ্বীকার ক'রে নিয়ে লোককে গ্রেপ্টার করবেন এ জিনিস্টা জনসাধারণের মর্যাদার পক্ষে হানিক্র।

আমাদের দেশের মধে। শান্তি ও শৃংখলা রক্ষা করা বাংলা সরকারের কর্তা। কিন্তু সে বিষয়ে সম্পূর্ণ স্বাধানভাবে সকল বিষয়ে সম্পূর্ণ হয়ে তবে করা উচিত। আর তা না হয়ে সেল্টাল এটিমিনিস্টেশন আহোন করলেন, আর তাঁরা পিছন পিছন দেটালেনে, এ বাংলার পক্ষে মর্যাদাছনক নয়। এর প্রমাণ আমরা খঙ্গাপ্রে পেয়েছি। সেখানে আশ্চ্ট, উম্বত, নিন্তার শাসকসম্প্রদায় ওখানকার যে আমলাতক্ত তাদের অত্যাচারকে ঢাকা দেওয়ার জন্য বাংলা সরকার শ্বা এগিয়ে যান নি, তাঁরা এত বেশী অত্যাচার করেছেন যা কেন্দ্রীয় রেলওয়ে এটিমিনিস্টেশন করতে সাহস পান নি। তাদের হাতে ক্ষমতা নাই, প্রিল্স তাঁদের হাতে নাই, সেখানে বাংলা সরকার তাঁদের হয়ে সেই কাছ করে দিয়েছেন, যা তাঁরা নিজেরা করতে পারতেন না। ওারা ফার্টেরির মধ্যে যা করেছেন তার চেয়েও বাংলা সরকার এই ক' দিনের মধ্যে সমহত খঙ্গাপ্রে শহরে বেশী তান্ডবলীলা চালিয়েছেন এবং খঙ্গাপ্রের অশাহ্তির জন্য বাংলা সরকারের দায়িছ ছিল খ্র বেশী।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have heard with attention what my friends have got to say with regard to the incidents that occurred in Kharagpur. It is necessary, perhaps, to go a little further back beyond the period mentioned in the resolution.

Dr. Ranendra Nath Sen:

তবে আমার বেলায় কেন আপত্তি করেছিলেন?

Mr. Speaker: I had allowed it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That from the 1st March the brush and painters in Kharagpur numbering 112 went on a lightening stay in strike returning to do their normal work of steneil marking of wagous until they were given the skilled rate for their work which was not admissible under the rules.

, °C.

On the 1st May there was an assault on a ticket collector by a constable at Muri in Bihar. This was followed by strikes in the railway districts of Adra and Chakradharpur in Bihar and Orissa and a portion of the Bilaspur railway district in Madhya Pradesh. The mident also afforded an easy plea to the workshop branch in Kharagpur to stage a strike on or about the 6th May, 1956. A rumour spread in Kharagpur that the ticket collector who had been assaulted at Muri had died of his injuries. The strike situation in Tatanagar and other places was very serious. On the 8th May there was a lightening stay in strike in the Kharagpur Workshop involving 5.000 workers. On the 9th May there was a few cases of pelting of stones on the loval workers in the workshop and the number of workers on strike rose to nearly 10,000 out of a total strength of 13,000 in the workshop. Subsequently, other establishments like general stores, loco running shed, etc., were also affected. Up till now our police did not take any action which can be condemned here except to watch the events. The strike in Tatanagar was called off but the union leaders at Kharagpur decided to continue the strike until the demands of the brush and painters were fulfilled. A few public meetings were held by the union at which the workers were exhorted to continue the strike. Until then no action was taken by the police. Many cases of intimidation and assault on the loyal workers took place almost every day. Reports came in daily in this connection. Precautionary measures only were taken up to this stage. On the morning of the 19th May section 144 was promulgated to prohibit the meetings and processions because in the opinion of the District Officer there was a possibility of the breach of the peace.

[3-40-3-50 p.m.]

Jec.

Shri Guruswami, President of the Union, came to Kharagpur on the 18th and he wanted to hold a public meeting to condemn the strike. The ban was relaxed at his request and it was at that meeting that he expressed his complete disapproval of the strike and appealed to the workers to proceed in a constitutional way. He came to Calcutta and conveyed the same tidings to me. He never mentioned one word about there being at that stage any police excess of any type to which he would have drawn my attention if there had been any. About this time the railway authorities of Kharagpur asked us to declare the workshop as a protected splace under the West Bengal Security Act, 1951, as they apprehended that mome of the workers might destroy the equipments in the workshop. Attendance at the workshop, therefore, was permitted only on the basis of permit. Some took their permit cards but others were prevented from taking the permit cards by threat and intimidation. A number of assaults on loyal workers took place in the meantime and naturally those who did go on the first day or the second day after the permit system was introduced, could not go again to the workshop. Sir, it has to be remembered that Kharagpur is a very important railway junction and to have 10,000 workers out of the 13,000 out of work is not merely a question of a certain number remaining out of work but it is a question of the whole railway system being affected and a large number of people who have nothing to do with the strike or even with the difference of opinion between the management and the workers were likely to be affected. The number of assaults on the loyal workers began increasing and several complaints were received from the railway authorities that many workers were indulging in prejudicial acts with the intent to impair efficiency and impede the working of the railway workshop. There were several assaults on loyal workers resulting in very serious injuries in some cases. The district authorities had no alternative but to effect a number of arrests under the West Bengal Security Act and other laws on various charges, such as rioting and assault?

with deadly weapons, etc. Sir, the district authorities even then continue to maintain their vigilance over the situation, taking all precautionary measures like patrolling the streets with mobile patrol, posting of stationary pickets at strategic places, escorting loyal workers to the workshop enc back to their residence, as necessary. On the 22nd of May, there was a set-back in the situation. A number of workers who were coming back to their home for the mid-day recess were set upon by one hundred miscreants as a result of which six were injured and three of them who were very badly injured had to be rushed to hospital. The police at once rushed to the spot and made a number of arrests. In the same evening another assault took place and several arrests were made. From the 24th there was some improvement in the attendance in the workshop. 2,000 workers in both the shifts on that day attended. On the 25th there were a greater improvement and 4,500 attended in the morning and 4,800 in the evening. At 11 o'clock on that day about 25 women. I want to-draw the attention of my gallant triend Shri Bankim Mukherji to the factabout 25 women with a number of strikers behind them gathered near the gate of the time office of the workshop and started throwing brickbats inside the workshop. They were, however, dispersed with great difficulty.

[Cries of "Question" from the Opposition benches.]

Question-vou may go on questioning till you have finished. From 2 o'clock in the afternoon women began to assemble before the time office gate and also near the loco shed. With broom-sticks they started assaulting the loco workers. An instance may here be given of the manner in which force was used on willing workers in the afternoon of that day. A loval worker, who is a spring-maker, while approaching his house, found two or three women waiting there with lathis. As he tried to run away, he was chased and caught hold of by two women while another struck him with a c' w in the mouth resulting to one of his front teeth being broken with a lot of bleeding. So, another incident of an assault with broomsticks by Telugu women on a loyal worker in the loco shed took place in the afternoon. Several other such incidents were reported. I will not refer to the incident of the 26th because it is not a part of the resolution and also because my friends have condemned the incident. I might tell my friends here that no women were actually arrested before they were found to have actually assaulted the workers. Sir. Shri Guruswami courte and saw me on the afternoon of the 25th of May and again on the 26th of May. He told me that he realised that the strike was uncalled for and that therefore he had advised the workers to go back to work. He asked me to withdraw all criminal cases against the workers and I replied to him that those workers who have been arrested for either violating section 144, etc., etc., or any other technical breach, will be released, but those against whom direct evidence of violence is there will not be released. My friend Shri Bankim Mukherji was exercised in his mind as to why was it that we arrested and released them. The reason is quite simple. We have got to arrest a certain number of people on technical grounds, viz., violation of section 144. As a matter of fact, Sir, I have got here figures to show that between the dates of 22nd of May, 1956 and the 25th of May, 1956, 88 peoples were arrested and every one of them was released. That shows that although they are arrested for various charges-of course, I confess my ignorance with regard to the sections of the Indian Penal Code or whatever it is-section 147 or other sections and section 11 of the West Bengal Security Act-there were several of them who were arrested under the West Bengal Security Act and there were some others who were arrested for technical reasons. (Sj. Bankim Mukherji: Is there any quota fixed

for arrests on technical grounds?) There is a quota but you won't understand how that quota is worked. My suggestion is—it is a direction that is given by the Government—that if there is a case in which on the spur of the noment the police have to arrest people to prevent lawlessness, then if there is no charge of violence against any one of them, there is no necessity for keeping them either to send them up for trial or to keep them under detention.

[3-50-4 p.m.]

I have been told that I am partly guilty of the excesses of the police. My friend there waxed eloquent because of some statement which has been made in the Lok Sabha. I am not ashamed of the statement which the gentleman has made but I am only ashamed that this has been utilised for saying this. All I need say is that he is entirely out of court. There is no question of firing to kill in this particular case. I, as head of the administration and head of the Police, declare here and now that the Government which cannot maintain law and order should cease to govern and every time that there is a breach of the law and order, this Government will step in with all the might they possess in order that peaceful citizens may be protected. Sir, in this particular case my friend says—let us have an enquiry committee by unprejudiced persons. But, Sir, may I know where is the unprejudiced person?" Every one of them has spoken strongly against it. So assuming that I agree to have an enquiry, but where are the unprejudiced persons? (Sj. Jyott Basy: Sj. Satpathi is an unprejudiced person.) I do not know Sj. Satpathi or others. Sj. Subodh Banerjee has suggested to take persons who have not taken any side, but, Sir, every one of them has taken a side. Then are we to get persons from heaven to be members of this committee? Police has taken all necessary precautions for the purpose of protecting the peace-loving citizens and it will be an evil day if the police is condemned instead of being congratulated for saving the persons from violence. I am not going to agree to form a committee, however big, however intelligent and however brilliant the members of the committee may be.

Mr. Speaker: Technically, the mover has a right of reply. In this case it is a ballot resolution of priority. I asked Sj. Nagen Dalui to formally move the resolution but he did not speak a single word. I gave permission to Dr. Ranendra Nath Sen and therefore technically after he has spoken, the Chief Minister will reply last.

Dr. Ranendra Nath Sen: He will speak again on this non-official resolution?

Mr. Speaker: Yes, that is the procedure.

Dr. Ranendra Nath Sen:

মিঃ ম্পীকার, সারে, ডাঃ রায়ের বন্ধুতার শেষ দিকটায় তাঁর আসল রূপ প্রকাশ পেরেছে। গোড়াতে মনে হয়েছিল যে, তিনি বোধহয় ধঙ্গাপ্রের ব্যাপারে বেশ একট্ বেকায়দায় পড়েছেন, কেননা আমরা জানি যে, থঙ্গাপ্রের রেল কর্তৃপক্ষের কুকীতি এবং দ্নীতি তাঁর মত লোককে পর্বশত লাজ্জা দেয়, এবং তিনি তাদের সমর্থন করতে পারেন না, কারণ অতীতে যখন তাঁর প্রিলস বি এন আর ক্রান্ধ্রিক, মাথা ভাঙে তখন তিনি বেশ একট্ বেকায়দায় পড়েছিলেন। ভাঃ রায় শেষদিকে প্লিসের যখন কথা হাছিল তখন যারা থাকতে পারলেন না, আগেকার দিনে বাটিশ সামাজাবাদীয়া যেভাবে বলতেন—

Government would step in when law and order is threatened and Law and Order

কাকে প্রেটেন্ড করেছিল তা কাপ্র সাহেব কি ক্রেলা ম্যাজিন্টেট জানেন । এমন রিপোর্ট বেরিয়েছিল, বে রিপোর্ট বলা যেতে পারে লাইং স্টেটমেন্ট। যেমন ৯ই মেতে তিনি বলেছিলেন লয়াল ওয়ার্কাসরা কারখানার মধ্যে যাচ্ছিল যারা আনলয়াল অথবা ডিসলয়াল তাদের তারে ইট মেরেছিল—আমি সবিনয়ে ডাঃ রায়কে বলছি, ৮ই মে দ্যাইক হল সেদিন থেকে সাতদিন দ্যাইক চলল—প্রত্যেক ওয়ার্কার—লয়্যাল এবং ডিসলয়্যাল—কারখানায় গিয়েছে—লয়্যাল ওয়ার্কাসরা গায়েছে আর ডিসলয়্যাল ওয়ার্কাসরা যাচ্ছে না ছটনা মোটেই তা নয়। তিনি যেখান থেকে খবর পেয়েছেন সেটা সম্পূর্ণ একটা বাজে খবর পেয়েছেন। এখান থেকে স্বর্ল্ব করিছ যে, যে রিপোর্ট তিনি পেয়েছেন সেটা যেভাবে তিনি বললেন—সম্পূর্ণ মিধ্যা—লাইরিং স্টেটমেন্ট। ৮ই মে থেকে সেখানকার প্রতিটি শ্রমিক হরতাল করে কারখানার ভিতরে ব্রেছিল।

তারপর তিনি আর একটা কথা বললেন, আশ্চর্য ব্যাপার, গ্রুহ্বামীর সংশ্য তাঁর ভিনবার কথা হয়েছিল ম্রীর ব্যাপার নিয়ে। ম্রীর ব্যাপার, ম্রীর হরতাল ৪ঠা মে শেষ হরে গেছে এবং খজাপ্রের জনসভায় ৫ই মে ঘোষণা করা হয়েছে যে ম্রীর ব্যাপার মিটে গিরেছে। আর তিনি বললেন, ৭ই মে এখানে গ্রুব রটল ম্রীর বাঙালী টিকেট কালেক্ট্র মৃত অর্থাৎ তাকে মেরে ফেলা হয়েছে এবং তার জনা তেলেগ্র শ্রমিকদের এত মাথাবাথা হ'ল যে, ১০০-১৫০ মাইল দ্রে তেলেগ্রা উর্জেজত হয়ে উঠল। তারপর ডাঃ রায় বললেন, জানি না তাঁকে কে ফাঁকি দিয়েছে, হয়ত কাপ্রে সাথে ব দিয়ে থাকবে, সেটা হচ্ছে রাস হ্যান্ড পেণ্টার্সএর ব্যাপারে, তাঁকে বলি যখন ডিসাপিউট হয় তখন ওয়াকাসদের যে কাজ দেওয়া হয়েছিল সে কাজ তারা অস্বীকার কবে করত। স্কীল্ড ওয়াকাসদের বলা হয়েছিল আনস্কীল্ড লেবারএর কাজ করতে আর আনস্কীল্ডদের বলা হয়েছিল স্টেনসেলিং করতে যা তাদের কাজ নয়।

ইউনিয়ন ওয়াটার হাউস ট্রাইবা্নালের যে সিম্পান্ত, যেটা ক্লাসিফকেশন ট্রাইবা্নাল এাাওয়ার্ড নামে বিখ্যাত, সেই ক্লাসিফকেশন ট্রাইবা্নাল এাাওয়ার্ড অনুসারে সেই এাাওয়ার্ড দেখিয়ে দেয় মিঃ কাপ্রের কাছে। সেই এাাওয়ার্ড লোকসভায় শ্রীলালবাহাদ্র শাস্ট্রীকে দেখানো হয়, তিনি পর্যান্ত এই প্রশেনর জবাব দেন নি, কারণ মিঃ কাপ্র জেনারেল মাানেজার বেআইনীভাবে কাজ করেছেন এবং তারা দ্মাস পরো কারখানায় গেছে, তারা কারখানায় কাজ চেয়েছে, তারা বলেছে যে, গভর্নমেনেটর আইন যা আছে সেই অনুসারে আমাদের কাজ গাও, তার বাইরে ভিউটি করব না তার বেশীও করব না, কমও করব না, কিস্তু তা তারা দেন নি। দ্বামাস পরে তাদের হাত থেকে ইমান্লমেন্টস কেড়ে নিয়েছে, ইউনিয়ন তথন বলেছে এটা ইললিগালে লক-আউট। ইললিগালে লক-আউট নয় লে চল ট্রাইবা্নালের কাছে রেলওয়ে বোর্ড কিবো মিঃ কাপ্র সেটা শোনেন নি। একথা আগে আমি তুলতে চাই নি, কারণ এটা বিষয়বস্তু ছিল না, ডাঃ রায় তুললেন বলেই আমি তুললম। আমি জোর করে বলছি, সম্পূর্ণ ভূল তথোক্ব উপর তিনি দাড়িয়েছেন। ডাঃ রায়ের অবশ্য ক্ষমতা নেই যে, সেখানে সে বিষয়ে তদন্ত করেন। লোকসভা থেকে পালাঘেন্ট থেকে যদি কোন তদন্ত হয়, সেই তদন্তে মিঃ কাপ্র সাটে্ড ইন্টার্ন রেলওয়ের ম্যানেজমেন্ট

they will be condemned before the public eye,

এমন কি গছনমিল্টও তাদের সমর্থন করতে পারবেন না। তাই ডাঃ রায় যখন এটা সমর্থন করলেন, সেটা খ্ব আমতা আমতা করে, থতমত করে করলেন। তারপরে কতরকম কথা বলা হ'ল, আমি মমতাজ সাহেবের বেশী কথা বলব না,

मुमताज साहब कहते हैं कि मासूम जनता को भड़काया गया और तब जनता जलूस लेकर गई। उनके साथ औरतें भी लंका और भ्रांटा लेकर गई!

এইসব কথা বললেন। ডাঃ রারও সেকথা বললেন। আমি এটা ভেবেছিলাম মমতাজ সাহেব হরত বলবেন, ডাঃ রার বলবেন না। সেখানে ১৪৪ ধারা জারী করা হয়েছে। সেখানে পর্নালস এবং ভাান ঘ্রছে, সেখানে ডাঃ রার বললেন যে, ২৪ জন মেয়েলোক লণ্কাগাঁড়ো এক হাতে আর বাঁটা এক হাতে মার্চ করেছিল। এইসব আষাঢ়ে গল্প তিনি এই এগ্রসেশ্বলিতে শোনাতে এসেছেন? এবং সেখানে গেলেন কারা, আমি বলেছি, এখানে ৮৫ বছর বয়সের মেয়েকে মারা হয়েছে, ৯০ বছর বয়সের মেয়েকে মারা হয়েছে। আমি নাম দিরেছি—আপ্লালামা,

বেশ্বরামা। . ▶০ বছরের মেরেকৈ মারা হরেছে—ডাঃ রার দেখলে লন্জিত ইবেল বৈ, তাঁর বারুর বরুসী মেরিকে তাঁর প্রিলস মেরেছে, নির্মাছাবে মেরেছে। এবং সেই ভেন্টায়ার একটা হাত বহুদিন থেকে কাটা, সে একহাতে লন্টার গ'ড়া এবং ঝাঁটা কি করে ধরবে? জাঃ রারের এটা এনেকায়ারি করা উচিত ছিল—আমরা বারবার করে বলেছি, এনকোয়ারি কর্ন। আমরা বিরোধীপক্ষ ত মিথ্যা কথা বলি, আমরা ত কম্যানিন্ট পার্টির লোক বাড়িরে বাল, কিক্তু জ্ঞানবাব্র যে বললেন নিজের চোখে তিনি দেখেছেন। ২৩এ তারিখে তাঁকে ঘিরে প্রিলস বাহিনী ঘ্রেছে পাছে কোন লোকের সপো তিনি কথা বলেন। সেই প্রিলস বাহিনী জানে না যে, চারজন লোক গোলে পর ১৪৪ ধারা ভঞ্চা করা হয় না। জ্ঞানবাব্র মত লোক, তাঁকেও পর্যন্ত তারা জ্বালাতন করেছে। দোকানঘর ভেঙেছে তিনি নিজের চোখে দেখেছেন, ঘরের দরজা ভেশোছে তিনি নিজে বললেন সেথানে সন্টাসের রাজ স্থাটা হারেছে, আর এখানে আঘাঢ়ে গল্প বলা হছে যে, মেরেরা লঞ্চার গ'ড়া আর ঝাঁটা নিরে ঘ্রেছে এবং আশ্চর্য হবেন যে, যেসব মেরেকে গ্রেণতার করা হ'ল, যারা গ্রেণতার হ'ল, কিন্তু কোন চার্জসীট দেওয়া হ'ল না। ২২ জন মেরে গ্রেণতার হ'ল, কিন্তু কোন চার্জসীট দেওয়া হ'ল না। মোটের উপর এই পাঁচদিনে সেখানে আড়াইশত লোক গ্রেণতার হরেছে।

[4--4-10 p.m.]

শ্রালে আশ্চর্য হবেন যে, যেসব মেয়েদের গ্রেণ্ডার করা হ'ল তাদের কার্বুর বিরুদ্ধে কোন চার্জাসীট দেওয়া হ'ল না, ২২ জন মেয়ে গ্রেম্তার হল, কিম্তু কোন চার্জাসীট দেওয়া হল না। মোটের উপর ৫ দিনে প্রায় ২,৫০০ লোক সেখানে গ্রেম্তার হয়েছে, কিল্ড এই ২,৫০০ জনের মধ্যে ১০ জনের বিরুদ্ধে কোন চার্জসীট প্রিলস আজও অবধি দেয় নি। অর্থাৎ খন্সপুরে শুধু লোককে ভয় দেখান এবং সন্তাসের রাজত্ব সূচ্টি করা হয়েছে। আমি আবার বলছি যে, প্রলিস সেখানে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা প্রচার করেছে এবং সেইসব প্রচার সাধারণ লোকে শ্বে ছি ছি করেছে। স্তরাং আষাঢ়ে গলপ ব'লে এখানে কোন লাভ হবে না। কারণ কে না জানে খড়গপ্রের প্লিসের সাহাযো খড়গপ্রের রেলওয়ে ইয়ার্ড এ বছরের পর वहत रमधारन दिन्न उरा उराधन एएए होत इरा-वर्षण शृन्छाङ पन वा वप्तारास्त्र पन कि भूनिम ধরতে পারে না। এথানকার রেলওয়ে এাাডিমিনিস্টেশন ধরতে না পারার ফলে দিনের পর দিন, মাসের পর মাস এই গ্রন্ডার দল রেলওয়ে ওয়াগন ভাঙে। অতএব তিনি এখানে দ্যীড়িয়ে বলান যে, তাদের মধ্যে কত জনকে ধরে শায়েস্তা করতে পেরেছেন। ডাঃ সংপতির সংশ্যে আমার মতের মিল নেই তব্তু আমি বলব যে, তিনি এটা ঠিক কথা বলেছেন যে, গ্রন্ডার मन रमधारन ताजप करत, किन्छु भूमिन जाएनत किছ है वरन ना। अथह स्मिट्टे भूमिन २२ থেকে ২৫ তারিখের মধ্যে নির্মামভাবে মেয়েদের মেরেছে। আমরা নিজেরা গিয়ে দেখে এসেছি বে. একটা বাচ্চা ১৩ বছরের ছেলেকে এবং তার ঠাকুরমাকে বেপরোয়াভাবে মারা হয়েছে— ভারতেরের সার্টিফিকেটও পর্যশ্ত সেথানে আছে। ডাঃ রায় এখানে বলেছেন যে, এখানে কে **নিরপেক্ষ** – আমরাও নিশ্চর জানি যে, এখানে কেউ নিরপেক্ষ নয়। ডাঃ রায় ও আমি উভরেই আমরা এখানে নিরপেক্ষ নই। তিনি শোষক এবং শাসক শ্রেণীর পক্ষের লোক, আমি শোষিত এবং অত্যাচারিত পক্ষের লোক। সেজন্য আমি এখানে ঘোষণা করছি যে কেউ এখানে নিরপেক্ষ নন—ডাঃ রায় ভেস্টেড ইন্টারেন্টকে সাপেটে করেন এবং আমি তালের সাপোর্ট করি যারা সেই ভেন্টেড ইন্টারেন্টএর বিরুদ্ধে দেশের জনতার ইন্টারেন্টকে প্রতিষ্ঠিত क्तरं ठाव्र। किन्तु उत् उ तनत या, मकन मन भिएन रमधार यादे अतः रमधानकात लाक ৰদি বলে বে, এই ঘটনা ঘটেছে বা ঘটে নি তা হ'লে সেখানেই আপনি সমস্ত কিছুই বিচার করতে পারবেন। সেজনা আমি বারবার জোরের স্রপো নন-অফিসিয়াল এনকেয়ারির কথা বলেছি। কিন্তু এতে তাঁর এত আপত্তি করম্বর কি কারণ আছে ব্রুতে পারছি না। মমতাজ **সাহেব বললেন, "পোল ঘোল** জায়গা, দরওজা খোল জায়গা", কিন্তু তাতে আমাদের **ভর त्नरे। करताम भरकत वन्ध्रापत वर्षाप्ट या, जीता धरतरे निन या, विस्ताधीभक्र मय वारक कथा** বলহে ব'লে একটা নন-অফিসিয়াল এনকোয়ারি হোক। এ ছাড়াও আমি সাধারণভাবেই বলছি



বে, আজকে বাদ ধলাপুরে নন-অফিসিয়াল এনক্যেয়ারি না করা হয় তা বুলে সেবানকার আবহু ওয়াকে নাজুন পক্ষের লোক আরও বিষাক করবার চেন্টা করবে। সৈজনা বলছি ছে প্রদেশিকতা, সাম্প্রদায়িকতা ইত্যাদি যেসব কথা উঠেছে, সেইসব কথার উপরে আমাদের দেশের জনসাধারণের, সে বাঙালী হোক, তেলেগ্ন হোক বা পাঞ্জাবী হোক, উপরে বাদি বাঙালী প্রিলস অত্যাচার করে তা হ'লে তাকে যেতে—

That Bengali Police Officer must go.

ভাঃ রার নিজে বাঙালী ব'লে তাঁকে আমরা বলব যে, হি মান্ট গো, কিন্তু শুখ্ জ্বালান সাহেবকেই বলব না কেননা তিনি মাড়োয়ারী। জনতার প্রতি যে অভ্যাচারের হয়েছে, সেইসব আমরা সর্বদলের লোক মিলে নিজেদের চোখে দেখে এসেছি এবং অভ্যাচারের সময় শ্রুশের জ্ঞানবাব নিজে গিয়েও সব দেখে এসেছেন। স্ত্রাং ডাঃ রায়কে বলব যে, তিনি শুখু তাঁর অফিসিয়াল রিপোর্ট এর উপরেই দাঁড়াবেন না। আমি ইতিমধ্যে তাঁর প্রদন্ত রিপোর্ট এর মধ্যে দুটো ভূল বার করে দিয়েছি এবং তিনি সেইসব ডিস্টিই মাজিস্টেট বা মিঃ স্পীকার বার কাছ থেকেই পান না কেন সবই ভূল তথা তিনি পেয়েছেন। সেজনা বলছি যে, সেইসব ঘটনা তাঁকে জানিয়েই হোক বা তাঁর অজানাতেই হোক সেসব কথা আমরা দ্বাব না, আমরা চাই যে, হোম মিনিস্টার হিসাবে এইসব ঘটনার জনা যেহেতু তিনি দায়ী সেহেতু তাঁকেই জবাব দিতে হবে—ডিস্টেই মাজিস্টেটএর জবাব আমরা দ্বাতে রাজী নই। স্ত্রাং তাঁকে বলছি যে, আপনি চীফ মিনিস্টার এবং হোম মিনিস্টার হিসাবে আপনার বদি সাহস থাকে তা হ'লে আপনি এখ্নি একটা নন-অফিসিয়াল এনকোয়ারি কর্ন। আর যদি আপনারা আপনাদের মেজরিটির জোরে এটাকে দাবিয়ে দেবার চেন্টা করেন তা হ'লে বলতে বাধ্য হব, এবং দেশের লোকও ব্রুবে যে, দোষী আপনি, আপনার প্রিলস ও তাদের সমর্থনকার্মী কংগ্রেসপক্ষের বন্ধরে।। এই কথা ব'লে আমি শেষ করছি।

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. I want to put one or two questions. Is this Mr. Kapoor, the same gentleman who was in Garden Reach, B. N. Railway?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know.

Dr. Hirendra Kumar Chatteriee:

স্যার, আমার সেকেন্ড কোয়েশ্চেনটি হচ্ছে, ঝাঁটামারা কি টেকনিকালে অফেন্স ?

Dr. Ranendra Nath Sen: Mr. Speaker, Sir,

আমার পরেণ্ট অফ রেফারেণ্সএ আমি বলছি ডাঃ রারকে মিঃ গিরি একটা চিঠি দিরেছিলের ২৫এ জ্বন, ১৯৫৬, নরাদিল্লী থেকে। মিঃ গিরি তো কমিউনিস্ট নন, তিনি বিরোধীপক্ষের লোকও নন। তিনি সেই চিঠিতে পরিক্ষারভাবে বলেছেন—

let us not raise the red bogey where there is none,

সেই চিঠিটা আমি সম্পূর্ণ পড়ছি না। সেখানকার শ্রমিকদের সম্পর্কে তিনি বলছেন বি-এন রেলওরের শ্রমিকদের তিনি বহুদিন ধ'রে জানেন। আশা করি ডাঃ রায় সে সম্পর্কে একটা জবাব দেবেন। সেই চিঠির একটা কপি আমার হাতে আছে।

- .8j. Bankim Mukherjee: May we know under which rule the Minister would speak after the mover of the resolution has replied?
- Mr. Speaker: Under rule 42. Rule 42 is—"When any member has moved a motion, other members may speak to it in such order as the Speaker may direct. Except in the exercise of a right of reply or as otherwise provided, no member shall speak more than once on any motion. A member who has moved a substantive motion may speak again by way of reply."—as Dr. Ranen Sen has spoken—"and if the motion is moved by a private member, the Minister to whose Department the matter relates shall have the right of speaking after the mover, whether he has previously spoken in the debate or not."

514

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend Dr. Ranen Sen has challenged my figures and he said there was no strike on the 9th. I may ask him if he has got any figures—

[Interruption]

because he mentioned the question of loyal workers and disloyal workers. On the 9th, of the 11,303 workers 9,780 were involved in the stay-in-strike. On the 11th, of the 11,303 workers 8,855 were involved in a strike. Therefore it is not a question that there was no incident or there could have been no incident before the 9th.

The next point, I want to tell my friend, Shri Bankim Mukharji, is that no woman was arrested till the 26th. On the 26th, as you are all aware, there was some trouble with regard to a train and I want to draw the specific attention of the members of the House to the gallant work which was done by a Police officer, Mr. A. K. Mukherji, who saved the life of the driver of the engine from being thrown in front of the train and in doing so he suffered terrible injuries so that we had to send a doctor from Calcutta in order to look after him. Such self-sacrifice should be encouraged and not condemned.

[4-10-4-20 p.m.]

My friend asked "why are you afraid". I am not afraid of enquiry. I made enquiries and am satisfied that the police have not acted beyond what is required under the particular circumstances. Therefore, I am not prepared to accept the suggestion of having an enquiry.

Dr. Ranendra Nath Sen: On a point of personal explanation— উনি বলেছেন যে আমি বলেছি ৯ই তারিখে শ্যাইক হয় নি। কিন্তু আমি তা বলি নি। আমি বলেছি ৮ই তারিখ থেকে শ্যাইক চলেছে।

Mr. Speaker: Personal explanation is necessary when a personal attack is made.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Stay-in-strike of 11,000 workers হরেছিল।

8], Bankim Mukherji: You made a mistake when you said it was on the 26th. It was on the 22nd.

The motion of Sj. Nagendra Dalui that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith set up a non-official enquiry commission consisting of one representative from each party and group in the State Legislature to investigate into the reported conduct and action of the local police during the strike at the Railway Workshop at Kharagpur between 22nd and 25th May, 1956, was then put and a division taken with the following result:—

AYE8-53.

Baguli, Sj. Haripada Bandyopadhyay, Sj. Tarapada Banerjee, Sj. Biren Banerjee, Bj. Subodh Basu, Sj. Ajit Kumar Basu, Sj. Amarendra Nath Basu, Sj. Hemanta Kumar Basu, Sj. Jyoti Bera, Sj. Basabindu

Bhandari, SJ. Sudhir Chandra Bhattachariya, SJ. Mrigenda Bhattacharya, Dr. Kanailal Bhowmick, SJ. Kanai Lal Bose, Dr. Atindra Nath Chakrabarty, SJ. Ambica Chatterjee, SJ. Haripada Chatterjee, Dr. Hirendra Kumar Chaudhury, SJ. Jnanondra Kumar Cheudhury, SJ. Subodh
Chowdhury, SJ. Benoy Krishna
Dal, SJ. Amulya Charan
Dalui, SJ. Nagendra
Das, SJ. Lalbehari
Das, SJ. Lalbehari
Das, SJ. Tarapada
Dutt, SJ. Probodh
Ghosal, SJ. Hemanta Kumar
Ghosal, SJ. Hemanta Kumar
Ghosa, SJ. Bibhuti Bhushon
Ghosa, SJ. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, SJ. Amulya Ratan
Ghosh, SJ. Ganesh
Ghosh, SJ. Ganesh
Haldar, SJ. Nalini Kanta
Hazra, SJ. Mororanjan
Joarder, SJ. Jyotish
Kar, SJ. Dhananjoy

Khan, Sj. Madan Mohor
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Buhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Jyotish Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathj

NOE8-125.

Abduliah, Janab S. M. Abdus Shokur, Janab Abdus Snokur, Janab Abui Hushim, Janab Bandopadhaya, Sj. Khagendra Nath Bandyopadhyay, Sl. Smarajit Banerjee, Sj. Profulla Banerjee, Dr. Srikumar Barman. The Hon'ble Syama Prasad Basu, Dr. Jatindra Nath Basu, Sj. Satindra Nath Beri, Sj. Dayaram Bhagat, Sj. Mangaldas Bhattacharjee, Sj. Shyamapada Bhattacharyya, Sj. Syama Biswas, Sj. Raghunandan Bose, Dr. Maitreyee Chakravarty, 8j. Bhabataran Chatterjee, Sj. Bijoylai Chatterji, Sj. Dhirendra Nath Chattepadhya, Sj. Brindabon Chattopaunya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Day, Sj. Maridae Dey, Sj. Haridas Dey, 5). Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, 8]. Kiran Chandra
Dutta Gupta, 8]kta. Mira
Gayen, 8]. Brindaban
Ghose, 8]. Kshitish Chandra
Ghosh Maulik, 8]. Satyendra Chandra
Clasuddin, Jamb Add Giasuddin, Janab Md. Golam Hamidur Rahman, Janab Golam Hamidur Rahman, Jan Goswamy, SJ. Bijoy Gopal Gupta, SJ. Jogesh Chandra Gupta, SJ. Nikunja Behari Halder, SJ. Kuber Chand Halder, SJ. Jagadish Chandra Hansdah, SJ. Bhusan Handah, SJ. Bhusan Hasda, Sj. Lakshan Chandra Hasda, Sj. Loeo Hazra, Sj. Amrita Lai Hembram, Sj. Kamaia Kanta Jaian. The Hon'ble Iswar Das Jana, Sj. Prabir Chandra Jha, Sj. Pashu Pati Kar, Sj. Sasadhar

Kazim Ali Meerza, Janab Lahiri, Sj. Jitendra Nath Let, Sj. Panchanon Lutfal Hoque, Janab Mahammad Ishaque, Janab Mahata, Sj. Mahendra Nath Mahata, Sj. Manenura Maiti, Sjita. Abha Maiti, Sjita. Abha Mejhi, Sj. Nishapati Mal, Sj. Basanta Kumar Mellick, Sj. Ashutosh Mandal, Sj. Annada Prasad Mandal, Sj. Umesh Chandra Marieuddin Ahmad. Janab Maziruddin Ahmed, Janab Misra, Sj. Sowrindra Mohan Misra, 9]. Southing monais Mitra, 8]. Keshab Chandra Mitra, 8]. Sankar Prasad Modak, 8]. Niranjan Mohammad Hossain, Dr. Mohammad Mumtaz, Maulana Mohammed Israil, Janab Mojumder, Sj. Jagannath Mondal, SJ. Baidyanath Mondal, SJ. Rajkrishna Mondal, SJ. Sishuram Mondal, SJ. Sudhir Monia, SJ. Sudhir Monia, SJ. Dintaran Mookerjee, SJ. Naresh Nath Mukharji, The Hon'ble Dr. Amulyadhan Mukherjee, SJ. Ananda Gopal Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, SJ. Pijush Kanti Mukhopadhyay, Sjkta. Purabi Mukhopadhyay, SJ. Sheeindanath Mukhopadhyaya, 8j. Phanindranath Munda, 8j. Antoni Topno Murmu, Sj. Jadu Nath Murmu, Sj. Jadu Nath Naskar, Sj. Ardhendu Sekhar Naskar, The Hon'ble Hemohandra Pal, Dr. Radhakrishna Paniarahi, Sj. Basanta Kumar Pania The Mon'ble Isdabada N Panja, The Hon'ble Jadabendra Nath Paul, Sj. Suresh Chandra Pramanik, Sj. Mrityunjoy Pramanik, Sj. Rajani Kanta Pramanik, Sj. Tarapada Rai, Sj. Shiva Kumar Raikut, Sj. Sarojendra Deb Ray, Sj. Jyotish Chandra (Haroa) Ray, The Hon'ble Renuka Roy, Sj. Arabinda Roy, Sj. Bhakta Chandra

Rey, The Hon'ble Dr. Bidhan Chandra Rey, SJ. Biswanath Rey, SJ. Hanseswar Rey, SJ. Prafulla Chandra Rey, The Hon'ble Radhagobinda Rey, The Hon'ble Radhagobinda Roy, SJ. Ramhar! Saha, Dr. Sisir Kumar Santal, SJ. Baidya Nath Sarrar, SJ. Mangal Chandra Sarkar, SJ. Bejoy Krishna Sen, SJ. Bijesh Chandra Sen, SJ. Narendra Nath Sen, SJ. Priya Ranjan Sen Gupta, 8]. Gopika Bilas Shaw, S]. Kripa Sindhu Shaw, S]. Mahitosh Shukla, 8]. Krishna Kumar Sikder, 8]. Rabindra Nath Singha Sarker, 8]. Jatindra Nath Sinna, 8]. Durgapada Tafazzal Hossain, Janab Tripathi, 8]. Hrishikesh Trivedi, 8]. Goalbadan Yeakub Hossain, Janab Md. Zainal Abedin, Janab Md.

The Aves being 53 and the Noes 125, the motion was lost.

Mr. Speaker: Next resolution. You have only twenty minutes more.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith set up a non-official enquiry committee consisting of one representative from each political party and group in the State Legislature and representatives of the State Bus Employees' Union to investigate into the causes responsible for the serious accident on 20th June, 1956, by a State bus on the Tala Bridge, Calcutta, as a result of which two persons died and many received fatal injuries.

As I told you before, I am not speaking now. But I reserve the right of reply. I will speak later on.

Mr. Speaker: Provided the debate on this continues.

[Sj. Ganesh Ghosh rose to speak].

Mr. Speaker: You may speak, but Dr. Chatterjee has got the right of reply.

SI. Ganesh Chosh:

মিঃ স্পীকার, স্যার, গেল ২০এ জান তারিথে কলকাতার টালা পালের উপর একটা স্টেট বাসএর দুর্ঘটনা হয়। এইরকম দুর্ঘটনা কলকাতার ইতিহাসে আর কখনও হয় নি। স্টেট বাসএর টায়ার ফেটে গিয়ে ঐ স্টেট বাস তিনতলা সমান উ'চু প্রলের উপর থেকে নিচে পড়ে যায়, ফলে বহু লোক আহত হয়, এবং দুজন মারা যায়। দুর্ঘটনার কারণ জানা গিয়েছে যে, স্টেট বাসএর টায়ার ফেটে যায়। কেন ফাটল? সে সম্পর্কে যেটুকু জানা গিয়েছে, আমি সেইটা আপনার কাছে রাখছি। যে চাকাটার টায়ার ফেটে যায়, সেটা হেভি ডিউটি ১২ স্লাই টায়ার ছিল এবং তার নম্বর ছিল ১৭৮৬৫। এর একটা ইতিহাস আছে। সেই ইতিহাসটা ৰাদি মিঃ স্পীকার মহাশয় শোনেন তা হ'লে জানতে পারবেন যে, কিরকম আইন লঞ্চন করার জনা, কিরকম কাজে শৈথিলোর জনা এই দৃষ্টিনা ঘটে এবং এই সম্পর্কে একটা সতর্ক থাকলে এই দুর্ঘটনা ঘটত না; এইভাবে অকারণে জীবনহানি হ'ত না। ১৯এ মে, ১৯৪৫ সালের টারার ৩৬,৩৪৫ মাইল চলাক পর এই টারারটা কনডেম হরে ষায়। তারপর তাকে রিসোল করা হয়। তারপর আর একখানা দোতলা বাসে নং ডবল, বি. এস, ১১০৫, ঐ রিসোল টায়ারখানা লাগান হয় ১৯এ ডিসেম্বর ১৯৫৫ তারিখে; এবং এবারে ৮.৩১৭ মাইল চলার পর ১৭ই ফের্ব্রের্রার, ১৯৫৬ তারিখে পথচলা কালে ঐ টায়ার আবার নন্ট হয়। নন্ট হয়ে গিয়ে কিছু দিনের জনা ঐ গাড়ী স্টান্ডেড হয়ে পড়ে থাকে: তারপর ঐ গাড়িকে অন্য গাড়ি দিয়ে টেনে এনে লেক ডিপোয় ঢোকান হয়। তারপর ২০এ জনু তারিখে দুর্ভাগা যে, ঐ গাড়ি ভবল, বি, এস. ১১১৩ রাস্তা চলাকালীন সময় এক্সিডেন্ট হয়; এবং এটাকেও টেনে লেক ডিপোয় নিয়ে যাওয়া হয়। এবং লেক ডিপোয় নিয়ে যাওয়ার সপের সংগ্র এই হতভাগা বাসের টারার খুলে ঐ যে টারারটা অলরেডি কনডেমড হরেছিল সেই টারার এই বাসে লাগিরে দেওরা হয়। এই কাজে যে কতথানি খামখেয়ালী ও কতবাের চুটি আছে সেকথা বলাই वार्का !

[4.90-4-30 p.m.]

্তার পর থেকে সেই ভারী দোতলা বাস ঐ সামনের বাদিকের চাকার বাতিল করা টায়ার নিরে দিনের পর দিন চলতে থাকে—২রা এপ্রিল থেকে ২০এ জ্বন যেদিন ঐ দুর্ঘটনা ঘটে সেদিন পর্যব্ত আরও ১০ হাজার মাইল চলেছে। স্ত্রাং একাদিক্তমে প্রথম থেকে হিসাব করে দেখলে এই টায়ার ৫৪,৬৬২ মাইল পথ চলেছে। যে কোম্পানি এই টায়ার বিক্তি করেন ভারা সেই টায়ারের জন্য ৩০ হাজার মাইলের বেশী গ্যারাফি দেন নি: যে কোম্পানী "রিসোল" করেন তাদের মতে সেই "রিসোল" করা টায়ারের আয় আর ন্তন টায়ারের আয় এইসব নিয়ে ৪৫ হাজার মাইল হচ্ছে ম্যাক্সিমাম গাারান্টি অফ মাইলেজ। সেখানে ৪৫ হাজার মাইলের জারগার ঐ টারার ৫৪,৬০০ মাইল বাবহার করা হয়েছে। অথচ এই যে দিনের পর দিন এই ফাটা টায়ার বাবহার করা হচ্ছে এ সম্পর্কে কি ও'রা জানতেন না? নিশ্চয় জানতেন। **বে** সময় এই হতভাগা বাস বাতিল-করা টায়ার বাবহার করে সে সময় লেক ডিপোতে ১২ খানার বেশি হেভি ডিউটি ১২ প্লাই টায়ার গুদামে মজত ছিল না। এর কনকুসন কি হতে পারে তা বলছি না, বলার প্রয়োজনও নেই : অথচ সরকার জেনে শানে এই ১১ হাজার মাইল বেশি দোতলা ভারী বাস ব্যবহার করেছেন। সেটা যে কর্তৃপক্ষের নম্ভরে আসে নি তা নয়। গাড়ী চলাকালে মাঝে মাঝে গাড়ী বন্ধ হয়েছে, এই টায়ার ছে'দা হয়েছে, টায়ার ফেটে গিয়েছে। প্রত্যেকবারই টায়ারের গায়ে তালি লাগান হরেছে। সরকার এই দুর্ঘটনার পর যে বিশেষজ্ঞা কমিটি তেরি করেন সেই বিশেষজ্ঞ কমিটির কাছ থেকে জানা গিয়েছে দুঘটনার কিছুদিন আগে, মিঃ স্পীকার, আপনি একটা মনোযোগ দিয়ে শ্নুম, এটা রিভিলিং হতে পারে— এক্সপার্ট কমিটি থেকে বলা হয়েছে যে, দুর্ঘটনার কিছাদিন আগে টায়ারটাতে একটা ছিন্ত দেখা যায়, ভিতবের টিউবে নয়, টায়ারের ভিতর দিকে একট্রকরা রবার দেওয়া হ**রেছে, এবং যখন** টায়াবেব ভিতৰ জল ঢুকে রবারেব টুকবা নগ্ট হয়েছে, তখন সেখানে আর একটাকুরা রবার বসান হয়েছিল। ক্রমে টিউবের ছোট ছিদ্র বেড়ে সাড়ে তিন ইঞ্চি হর এবং সেই ভাষম টারার ন্বাতিল না হয়ে রিকাপিং করা হয় এবং ঐ টায়ার নিয়ে ভারী গাড়ীটা দিনের পর দিন চলতে थाকে। তারপর ২০এ তারিখে টায়ারের ঐ জখম স্থান ফেটে গিয়ে দুর্ঘটনা ঘটে। এই বিশেষজ্ঞ কমিটির বিপোর্ট ফেটটসমানে বেরিয়েছে। এঠা জ্লাই এই অপরাধে সংশিক্ষত অপরাধীর বির্দেধ কি স্টেপ নেওয়া হয়েছে আমি স্টেট বাসের ভারপ্রাণ্ড মধ্বী ডাঃ রায়ের কাছে জানতে চাই। আমি অনুসন্ধান ক'বে জেনেছি যে, দুর্ঘটনার দিন এবং তার কয়েকদিন আগে পব পব এই গাড়ী বাব কববাৰ সময় ড্রাইভাব এবং কন্ডাক্টর আপত্তি করেছিল যে, এরকম টারাব নিয়ে গাড়ী বাব করা উচিত নয়। তাদেব ধমক দিয়ে, তাদের ভয় দেখিয়ে জোব কারে গাড়ী বার করা হয়েছে। এটা আমান বানান কথা নয়। বেলছরিয়া ডিপের লগ বাক হাদ প্রকাশো প্রকাশ করেন তা হ'লে দেশের লোক জানতে পারবে যে, কিরক্ম অনাায়ভাবে এ'রা কর্মচারীদের ভয় দেখিয়ে এই বাতিল করা বিপজ্জনক টায়ার জোর করে বার করা হয়। তার জনা দায়ী কে? আর এই প্রাণহানির জনাই বা দায়ী কে? দায়ী ভারপ্রাণ্ড মন্দ্রী।

তাবপরে যেদিন এগজিডেন্ট হয়েছে ভাবপরেও কি এ বিষয়ে কোন বাবস্থা হয়েছে? তা হয় নি। দিনের পর দিন এই গাফিলতি চলেছে। বেলঘরিয়া ডিপোর টায়ার স্পারভাইজারের কি কোয়ালিফিকেসন সে সদবংশে দৃষ্টনার পর কি অন্সংশান করা হয়েছে? আমি ইতদ্বে জানি অন্সংশান করা হয় নি। মিঃ স্পীকার, আপনি শ্নে আশ্চর্যাদিবত হবেন যে, লেক ডিপোর বর্তমান টায়ার স্পারভাইজার কে। সে ভদ্যলোক একজন কেসিয়ার ছিলেন, কেসিয়ারের বর্তমান টায়ার স্পারভাইজার কে। সে ভদ্যলোক একজন কেসিয়ার ছিলেন, কেসিয়ারের বর্তমান টায়ার স্পারভাইজাররে পদ আল হ'লে তার পদোরাতি হয় এবং তিনি কেসিয়ারের টাকা গোনার কাজ থেকে দ্বারভাইজার হয়ে গোলেন। এতে এগজিডেন্ট হবে বৈকি! ডাঃ রায় কি তা অদবীকার দরতে পাবেন? ডাঃ রায় জানেন না যে, তা নয়। আমরা জানতে চাই ডাঃ রায়ের কাছে যে বলঘরিয়া ডিপোর ২০এ জ্বন যে টায়ার স্পারভাইজার ছিলেন তার কি কোমালিফিকেশন? তান কি কিনর নন এবং তাকৈ টায়ার স্পারভাইজার করা হয়েছে? এইরকম জিনিস্লছে। ডাঃ রায় সে থবর না রাখতে পারেন, কেননা, য়াখলে তিনি তা সমর্থন করতেন না। স্থিই আমি জানতে চাই, লেক ডিপোর টায়ার স্পারভাইজারের কোয়ালিফিকেশন কি, এব।

